With the initiative of Hon'ble Chief Minister **MAMATA BANERJEE**

Shishu Kishore Akademi Presents

# 10th Kolkata International Children's Film Festival

## 25 - 29 January 2024



Information & Cultural Affairs Department
Government of West Bengal

**A Kolkata International Children's Film Festival Publication**
**January 25, 2024**

*Published on the occasion of*
**10th Kolkata International Children's Film Festival**
By **Mandakranta Mahalanabis**
Secretary-in-Charge, Shishu Kishore Akademi &
Convener, 10th Kolkata International Children's Film Festival

Uttirno (1st floor)1A, Reformatory Street, Kolkata- 700 027
**Ph:** 033 2223 6210
**e-mail:** askcukolkata@gmail.com,
**Website:** www.kicff.org

**Printed by**
Sree Maa Enterprise
35, Baidyanath Dutta Sarani
Howrah-711113
Ph-9051553556/6289227724
**e-mail:** smehowrah1@gmail.com

**Editorial Board**
Dipanwita Roy
Subhendu Dasmunshi

**Editorial Coordination**
Kushal Chakraborty, WBICS & Dy. Director I&CA
Surya Bandyopadhyay, WBICS & Dy. Director I&CA

**Editorial Assistance**
Dola Chowdury, Pratyay Chowdury,
Swarnadeep Mitra, Kaushiki Maiti,
Subhodip Dutta, Mousumi Dutta

**Proof Correction**
Sankalpa Sengupta

**Designing Assistance**
Rajendra Ash, Subir Hait

**Planning & Designing**
Subhendu Dasmunshi






মমতা ব্যানার্জী
ममता बनार्जी
ممتا بنرجی
**Mamata Banerjee**

মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ
मुख्यमंत्री, पश्चिम बंगाल
وزیراعلیٰ مغربی بنگال
**CHIEF MINISTER, WEST BENGAL**


২১ ডিসেম্বর, ২০২৩

## শুভেচ্ছাবার্তা

**শিশু কিশোর আকাদেমি** আয়োজিত **'দশম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব'** মহানগরীর বুকে আগামী ২৫-২৯ জানুয়ারী, ২০২৪ অনুষ্ঠিত হতে চলেছে জেনে খুশি হলাম।

আমাদের এই চলচ্চিত্র উৎসব ইতিমধ্যেই বাংলার এক অন্যতম জনপ্রিয় অনুষ্ঠান। কচি-কাঁচাদের মনের জানালা উন্মুক্ত করে শিশু-কিশোর মনে প্রভূত আনন্দ-উদ্দীপনার সঞ্চার করে আকাদেমি'র এই বাৎসরিক উদ্যোগ।

কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি ও সকল শিশু-কিশোর চলচ্চিত্রপ্রেমী দর্শককে জানাচ্ছি আমার অনেক অনেক শুভেচ্ছা ও ভালোবাসা। এই আনন্দ-উৎসব নব প্রজন্মকে ঋদ্ধ করবে – এই আশা রাখি।

(মমতা ব্যানার্জী)

**শ্রীমতী অর্পিতা ঘোষ**
সভানেত্রী, শিশু কিশোর আকাদেমি
উত্তীর্ণ (দ্বিতীয় তল)
১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর
কলকাতা – ৭০০ ০২৭


**Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102**
**West Bengal, India**
Tel : + 91-33-22145555, + 91-33-22143101
Fax : + 91-33-22144046, + 91-33-22143528




**চন্দ্রিমা ভট্টাচার্য্য**
রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
অর্থ দপ্তর
কর্মসূচী পর্যবেক্ষণ দপ্তর
**রাষ্ট্রমন্ত্রী**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর,
ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন দপ্তর,
পরিকল্পনা ও পরিসংখ্যান দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

**Chandrima Bhattacharya**
**Minister-of-State (Independent Charge)**
Department of Finance
Department of Programme Monitoring
**Minister-of-State**
Department of Health & Family Welfare,
Department of L & LR and RR & R,
Department of Planning & Statistics
Government of West Bengal


Date : 17.01.2024

**M E S S A G E**

The power of cinema lies in its ability to transcend boundaries, evoke emotions, and weave narratives that resonate with the human experience, offering a profound and universal medium of storytelling. Cinema crafted for children and teenagers wields the transformative power to inspire creativity, ignite the imagination, and instill valuable life lessons, creating a lasting impact on the formative years of young minds.

Film festivals tailored for young cinephiles create a distinctive platform for cultural exchange, exposing them to a myriad of narratives and perspectives globally while offering numerous opportunities to explore novel art forms and genres.

Scheduled from January 25 to 29, 2024, across eight (8) dynamic venues in the city, the 10th Kolkata International Children's Film Festival organized by Shishu Kishore Akademi under the aegis of the Information and Cultural Affairs Department is set to enchant audiences. May this festival become a jubilant celebration of dreams, a canvas for innovation, and a playground for the discovery of new dimensions in the cinematic realm. Here's to the enchantment of storytelling, the richness of cultural diversity, and the limitless potential of our budding filmmakers.

Best wishes for the resounding success of the 10th Kolkata International Children's Film Festival!

**Chandrima Bhattacharya**


Finance and L & LR-Nabanna, 6th Floor (Room No. 605), 325, Sarat Chatterjee Road, Howrah, Tel : (033) 2253-5491/5492, 2214-0041(F)
H & FW- Swasthya Bhavan, GN-29, Sector - V, Bidhannagar, Kolkata - 700091, Tel-(033) 2333-0229/2357-3629/7929(F)
PS & PM - Joint Administrative Building, 1st Floor, HC 7, Sector III, Salt Lake, Kolkata- 700106




চন্দ্রিমা ভট্টাচার্য্য
রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
অর্থ দপ্তর
কর্মসূচী পর্যবেক্ষণ দপ্তর
রাষ্ট্রমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর,
ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন দপ্তর,
পরিকল্পনা ও পরিসংখ্যান দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

Chandrima Bhattacharya
Minister-of-State (Independent Charge)
Department of Finance
Department of Programme Monitoring
Minister-of-State
Department of Health & Family Welfare
Department of L & LR and RR & R
Department of Planning & Statistics
Government of West Bengal


তারিখ - ১৭/০১/২০২৪

**শুভেচ্ছাবার্তা**

চলচ্চিত্র এমন একটি শক্তিশালী গণমাধ্যম, যা গল্প বলার মাধ্যমে যেমন যে কোনও সীমা অতিক্রম করতে পারে, তেমনই মনের সূক্ষ্ম অনুভূতিগুলিকে জাগিয়ে এক নতুন আখ্যানের জন্ম দেয় । সিনেমা শিশু-কিশোর মনের কল্পনাশক্তিকে কাজে লাগিয়ে তাদের সৃজনশীলতাকে এক অনন্য রূপ প্রদান করে এবং জীবনের শিক্ষণীয় অধ্যায়গুলির নির্যাসকে বয়স বাড়ার সঙ্গে এগিয়ে নিয়ে যায় ।

শিশু-কিশোর সিনেমাপ্রেমীদের জন্য উপযুক্ত সিনেমাগুলি তাদের বিশ্বের বিভিন্ন প্রান্তের সংস্কৃতি, রীতি, অজানা তথ্যের সঙ্গে পরিচয় করায় এবং নতুন নতুন শিল্পধারা ও ঘরানা সম্পর্কে অবহিত করে ।

মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** নেতৃত্বে, শিশু-কিশোর আকাদেমি আয়োজিত, ২৫-২৯ জানুয়ারি শহরের ৮টি প্রেক্ষাগৃহে এই মহোৎসবের আয়োজন করেছে তথ্য ও সংস্কৃতি বিভাগের **'শিশু কিশোর আকাদেমি'** । আশা করি, এই উৎসবটি আমাদের শিশু-কিশোরদের জন্য একটি গুরুত্বপূর্ণ শিক্ষা এবং বিনোদনের অভিজ্ঞতা তৈরি করবে এবং কচি মনের রঙিন দিকগুলির বিকাশে সাহায্যের হাত বাড়াবে ।

দশম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের সাফল্যের জন্য আমি আন্তরিক শুভেচ্ছা জানাই ।

ধন্যবাদান্তে,

চন্দ্রিমা ভট্টাচার্য্য
(চন্দ্রিমা ভট্টাচার্য্য)
মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার


Finance and L & LR-Nabanna, 6th Floor (Room No 605), 325, Sarat Chatterjee Road, Howrah Tel (033) 2253-5491/5492 2214 0041(F)
H & FW- Swasthya Bhavan, GN-29, Sector - V, Bidhannagar, Kolkata 700091 Tel (033) 2333 0229/2357 3629/7929(F)
PS & PM - Joint Administrative Building, 1st Floor, HC 7, Sector III, Salt Lake, Kolkata- 700106




**Indranil Sen**
**MINISTER OF STATE**
Department of Information and Cultural Affairs
Department of Tourism (Independent Charge)
and
Department of Technical Education, Training & Skill Development (Independent Charge)
Government of West Bengal

**NABANNA**
9th Floor, Room No. - 912
325, Sarat Chatterjee Road, Howrah - 711 102
Phone: 033-2250-1023 / 1024, Fax: 033-2214-4422
e-mail : mos.ica.wb@gmail.com

**New Secretariat Building**
Block - 'A', 3rd Floor
1, Kiran Sankar Roy Road, Kolkata - 700 001
Tel : (033) 2262-8330 / 8331
email: mostounsmwb@gmail.com

**Karigari Bhawan**
2nd Floor, Room No. 223, Plot No. B/7
Action Area - III, New Town, Rajarhat
Kolkata - 700 160
Tel : (033) 2324 5854, Fax : (033) 2324 5853
email: mostetsdwb@gmail.com


## Message

It is with immense pleasure and excitement that I extend my warmest greetings and sincerest wishes for the resounding success of the 10th Kolkata International Children's Film Festival, scheduled to be held from January 25th to 29th, 2024.

This festival, conceived and initiated a decade back by the Hon'ble Chief Minister, Mamata Banerjee, has become a significant milestone in our cultural landscape. Her dedication to foster a vibrant cinematic platform for children and teenagers has nurtured the minds and imaginations of young cine lovers.

Witnessing its continued growth and evolution fills me with a profound sense of satisfaction and immense pride.

This edition promises to be even more exceptional with a captivating tapestry of 111 films drawn from 31 nations across the globe along with 6 National Award winning children's films of recent times and a special retrospective on Miyazaki. This festival will also celebrate 100 years of renowned film director Tapan Sinha.

This rich diversity will expose our young audience to an enriching spectrum of cultures, perspectives and narratives, further facilitating their understanding of the world around them.

The thematic focus on "Nature" resonates deeply. This aligns perfectly with the state government's unwavering commitment to fostering a sense of harmony between humanity and nature.

On behalf of the Information & Cultural Affairs Department, Government of West Bengal, I sincerely appreciate the tireless efforts of the Shishu Kishore Akademi to execute a festival of such a scale. The opening ceremony at Nandan-1 on January 25th at 5 PM promises to be a momentous occasion, setting the stage for five days of entertainment and profound learning.

May this festival continue to be a beacon of creativity, triggering the imagination and shaping the minds of our future generations.

I would like to extend my best wishes for the success of this grand festival.

**( Indranil Sen )**




**ইন্দ্রনীল সেন**
রাষ্ট্রমন্ত্রী
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পর্যটন বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
এবং
কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন দপ্তর
(স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
পশ্চিমবঙ্গ সরকার

**নবান্ন**
দশম তল, রুম নং ৯১২
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড, হাওড়া - ৭১১ ১০২
ফোন নং : ০৩৩-২২৫০-১০২৩/১০২৪
ফ্যাক্স নং : ০৩৩-২২১৪-৪৪২২
ই-মেল : mos.ica.wb@gmail.com
**নব মহাকরণ ভবন**
ব্লক - 'এ', চতুর্থ তল
১, কিরণ শঙ্কর রায় রোড, কোলকাতা - ৭০০ ০০১
ফোন নং : (০৩৩) ২২৬২ ৮৩৩০ / ৮৩৩১
ই-মেল : mostourismwb@gmail.com
**কারিগরী ভবন**
তৃতীয় তল, রুম নং ২২৩, প্লট নং বি/৭, অ্যাকশন এরিয়া ৩,
নিউটাউন, রাজারহাট , কোলকাতা - ৭০০ ১৬০
ফোন নং : (০৩৩) ২৩২৪ ৫৮৫৪
ফ্যাক্স : (০৩৩) ২৩২৪ ৫৮৫৩
ই-মেল : mostetsdwb@gmail.com


## শুভেচ্ছাবার্তা

অসীম আনন্দ এবং গভীর উচ্ছ্বাসের সাথে আমি ২৫ থেকে ২৯শে জানুয়ারি, ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য দশম কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের উজ্জ্বল সাফল্য কামনা করে আপনাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

এক দশক আগে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে শুরু হওয়া এই উৎসবটি পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক পরিমণ্ডলে একটি উল্লেখযোগ্য মাইলফলক হয়ে উঠেছে। তাঁর উদ্যোগেই গড়ে উঠেছে শিশু এবং কিশোরদের জন্য এমন একটি উজ্জ্বল চলচ্চিত্র মঞ্চ।

একইসঙ্গে, এই উৎসবটি প্রায় এক দশক ধরে আমাদের সাংস্কৃতিক পরিমণ্ডলের একটি অন্যতম দিক হিসেবে শিশু ও কিশোর চলচ্চিত্রপ্রেমীদের মন ও কল্পনাকে ঋদ্ধ করেছে। এর গুণগত বৃদ্ধি ও সদর্থক বিবর্তন দেখে আমি গর্ব অনুভব করি।

শিশু চলচ্চিত্র উৎসবের এই বছরের সংস্করণটি আরও উন্নত করার দিকে প্রতিশ্রুতিবদ্ধ। বিশ্বের ৩১টি দেশের ১১১টি আকর্ষণীয় চলচ্চিত্রের পাশাপাশি সাম্প্রতিককালের ৬টি জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিশুচলচ্চিত্র এবং মিয়াজাকি সম্পর্কে একটি বিশেষ রেট্রোস্পেক্টিভ এবারের উৎসবের অন্যতম আকর্ষণ। বিখ্যাত চলচ্চিত্র পরিচালক তপন সিনহার জন্মশতবর্ষও উদযাপিত হবে শ্রদ্ধার সাথে।

এই বৈচিত্র্য শিশু ও কিশোর দর্শকদের মধ্যে বিভিন্ন সাংস্কৃতিক দৃষ্টিকোণ উন্মোচিত করবে, যা পারিপার্শ্বিক বিশ্ব সম্পর্কে তাদের জ্ঞানকে আরও সমৃদ্ধ করবে বলে আমাদের বিশ্বাস।

এবারের শিশু চলচ্চিত্র উৎসবের থিম হল "প্রকৃতি"- যা মানুষ ও প্রকৃতির মধ্যে সহাবস্থান গড়ার প্রতি রাজ্য সরকারের অবিচল প্রতিশ্রুতির সঙ্গে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের পক্ষ থেকে, শিশু কিশোর একাডেমির অক্লান্ত পরিশ্রমকে আমি আন্তরিকভাবে সাধুবাদ জানাই। ২৫ জানুয়ারি বিকেল ৫টায় নন্দন-১-এ অনুষ্ঠিতব্য উদ্বোধন অনুষ্ঠানটি একটি গুরুত্বপূর্ণ উপলক্ষ্য হয়ে উঠবে, যা আগামী পাঁচ দিন শিশুদের একই সাথে বিনোদন ও শিক্ষার মঞ্চ হিসাবে সেজে উঠবে।

এই উৎসবটি চিরকাল সৃষ্টিশীলতার আলোকবর্তিকা হিসেবে উজ্জ্বল হয়ে থাকুক, কল্পনার শিখা জ্বালিয়ে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের মন গঠনে বিশেষ ভূমিকা পালন করুক। এই মহান উৎসবের পুনরায় উজ্জ্বল সাফল্য কামনা করি।

( ইন্দ্রনীল সেন )




**শান্তনু বসু,** আই.এ.এস.
সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট : শিবপুর, জেলা : হাওড়া
পিন : ৭১১ ১০২
ফোন : (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স : (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

**Santanu Basu,** I.A.S.
SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


Date: 22.01.2024

## Message

It is with enormous delight and excitement that I convey my greetings to the 10th Kolkata International Children's Film Festival which is being held after a considerable gap due to the COVID pandemic. The inauguration ceremony is scheduled for January 25th, 2024, commencing at 5 PM at Nandan-1 and the festival will continue till January 29th.

This distinguished cinematic celebration, an initiative of Sishu Kishor Academy under the patronage and guidance of the Hon'ble Chief Minister of West Bengal, Mamata Banerjee, promises to be an enriching experience. Over the course of five days, a curated selection of 122 films well-suited for children and teenagers, originating from 27 countries, will be concurrently screened across eight prestigious theaters in Kolkata. The thematic focus of this year's festival is on "Nature".

The festival is a multitude of cinematic elements, with the inaugural screening of "Guras" by Saurav Rai, a commemoration on the centenary of Tapan Sinha. Additionally, the program features six national award-winning children's films from recent years, a special category showcasing inaugural films from the past nine editions, and a tribute to the 50th anniversary of the timeless classic, "Sonar Kella".

The festival also promises a diverse showcase of new and latest films from across the globe, along with a noteworthy retrospective dedicated to the esteemed filmmaker, Miyazaki.

The festival venues have been selected to ensure a widespread and accessible cinematic experience and will feature films in 10 Indian languages, including Bengali, Hindi, Nepali, Kannada, Gujarati, Marathi, and others, showcasing the rich linguistic diversity of our nation. The event promises to be a landmark, one that would add immeasurable value to the festivities, as it will collectively celebrate a decade of fostering cinematic excellence for young audiences.

I would like to thank the functionaries of Sishu Kishore Akademi and the officials of the Information & Cultural Affairs Department for their tireless effort to make this mega event for children.

22/1/24.

(Santanu Basu)
Secretary
Information and Cultural Affairs Department
&
Chairperson, 10th Kolkata International Children's Film Festival




**শান্তনু বসু**, আই.এ.এস.
সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট : শিবপুর, জেলা : হাওড়া
পিন : ৭১১ ১০২
ফোন : (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স : (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

**Santanu Basu,** I.A.S.
SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


# শুভেচ্ছাবার্তা

আগামী ২৫-২৯ জানুয়ারি ২০২৪ অনুষ্ঠিতব্য দশম কলকাতা শিশু কিশোর চলচ্চিত্র উৎসবকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। কোভিডজনিত সমস্যার কারণে বেশ কিছুদিন পরে আমরা এই চলচ্চিত্র উৎসব করছি। উদ্‌বোধনী অনুষ্ঠানটি ২৫ জানুয়ারি ২০২৪ বিকেল ৫টায় নন্দন-১-এ অনুষ্ঠিত হবে।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্তরিক উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় শিশু কিশোর আকাদেমির ব্যবস্থাপনায় এই চলচ্চিত্র উৎসবটি উন্নত ও ভিন্নতর হতে প্রতিশ্রুতিবদ্ধ। পাঁচ দিনের এই উৎসবে, ২৭টি দেশ থেকে আগত শিশু ও কিশোরদের জন্য নির্মিত ১২২টি চলচ্চিত্রের বিশেষ নির্বাচন কলকাতার আটটি নির্বাচিত সিনেমা হলে একযোগে প্রদর্শিত হবে। এই বছরের উৎসবের থিম হল 'প্রকৃতি'।

উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রদর্শিত হবে সৌরভ রাইয়ের 'গুরাস' চলচ্চিত্রটি। এ ছাড়াও, এই চলচ্চিত্র উৎসবে সাম্প্রতিককালে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ছয়টি শিশু কিশোর চলচ্চিত্র, গত নয়টি শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের উদ্‌বোধনী সিনেমাগুলির একটি বিশেষ বিভাগ এবং চিরায়ত ক্লাসিক 'সোনার কেল্লা'র ৫০তম বর্ষপূর্তির শ্রদ্ধাঞ্জলি অন্তর্ভুক্ত হয়েছে। পাশাপাশি রয়েছে বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক মিয়াজাকিকে উৎসর্গ করে একটি উল্লেখযোগ্য রেট্রোস্পেক্টিভ এবং বিশিষ্ট পরিচালক তপন সিংহ'র জন্মশতবর্ষ উদ্‌যাপন।

কলকাতার আটটি প্রেক্ষাগৃহে এই উৎসবের বিভিন্ন ছবি প্রদর্শিত হবে। এ ছাড়াও, এই চলচ্চিত্র উৎসব বাংলা, হিন্দি, নেপালি, কন্নড, গুজরাটি, মারাঠিসহ মোট ১০টি ভারতীয় ভাষায় প্রদর্শিত হবে, যা আমাদের দেশের বৈচিত্র্যকে উদ্ভাসিত করবে।

আশা করি, এই শিশু কিশোর চলচ্চিত্র উৎসব বাংলার চিরকালীন উৎসবের আবহ বজায় রাখবে। কারণ এটি এক দশক ধরে আয়োজিত শিশু কিশোর চলচ্চিত্র প্রদর্শনের একটি অন্যতম সেরা প্ল্যাটফর্ম।

এই উৎসব শিশু কিশোর আকাদেমি এবং তথ্য ও সংস্কৃতি বিভাগের কর্মী ও আধিকারিকদের নিরলস পরিশ্রমকে ধন্যবাদ।

আমার দৃঢ় বিশ্বাস, আগামী প্রজন্মের চলচ্চিত্রপ্রেমীদের কাছে এই চলচ্চিত্র উৎসব অনুপ্রেরণার উপাদান হিসাবে স্থান করে নেবে।

পুনরায় শুভেচ্ছাসহ,

২২/১/২৪.

(শান্তনু বসু)



Director
Kolkata International
Children's Film Festival, 2024

The 10th Kolkata International Children's Film Festival is here, marking a decade of celebration. The journey began in 2011 but, like many other things, the festival had to be paused for three years due to the COVID pandemic. Now, with renewed enthusiasm, we have once again taken the initiative to organize the festival.

To kick off the Children's Film Festival this time, we are showcasing the award-winning Nepali film "Guras," directed by Saurav Rai. Following our tradition, the festival has been inaugurated by the child actress from "Guras," TulsI Khawas. On the closing day of the festival, a brand-new film, "Tale Dande," directed by Praveen Krupakar, will be screened. This time, to commemorate the festival's tenth year, a separate category has been created for premiere films from the past nine years.

The theme of this year's film festival is "Environment and Nature." Based on this theme, the entire Nandan Campus has been adorned, aiming to raise awareness about nature among the children. This is the centenary year of two celebrated filmmaker, Tapan Singha and Mrinal Sen and are commemorated this year, presenting a unique collection of children's films they have produced.

The renowned Japanese film director Miyazaki's retrospective is also part of this year's festival. A total of 116 films from 27 countries, including the USA, Russia, China, Japan, Canada, and Mexico, will be showcased. There are also nine films in different Indian languages. The films will be screened at nine auditoriums.

Just like every year, there is an exhibition in the Gaganendra Exhibition Hall. This time, a show has been organized to demonstrate how films are made.

From the very beginning, our intention for the Children's Film Festival has not only been to showcase good films but also to inspire the little boys and girls around us to join the film-making workforce in future. The goal remains to keep the spirit of film-making alive among the young minds in our vicinity. The 10th edition continues to carry this vision forward.





Director
Kolkata International
Children's Film Festival, 2024

কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের এবার দশম বছর। পথ চলা শুরু হয়েছিল ২০১১-তে। মাঝখানে কোভিডের কারণে তিনবছর অন্যান্য অনেক কিছুর মতোই, এই উৎসবও বন্ধ রাখা হয়েছিল আমাদের। এবার তাই পূর্ণ উদ্যমে আমরা আবার উৎসবের আয়োজনে মেতে উঠেছি।

এবার ছোটদের ছবির উৎসবের শুরুতে দেখানো হচ্ছে পুরস্কার প্রাপ্ত নেপালি ছবি গুরাস দিয়ে। পরিচালক সুভাষ রাই। আমাদের রীতি মেনে প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করে গুরাস ছবির শিশু অভিনেত্রী তুলসী খাওয়াস। উৎসবের শেষদিনেও দেখানো হবে একদম নতুন একটি ছবি, প্রবীণ ক্রুপাকারের তালে ডান্ডে। এবার যেহেতু উৎসবের দশম বছর, তাই বিগত নয় বছরের উদ্বোধনী ছবি দিয়েও সাজানো হয়েছে একটি আলাদা বিভাগ।

এবারের চলচ্চিত্র উৎসবের থিম পরিবেশ ও প্রকৃতি। এই থিমের ওপর ভিত্তি করে প্রতিবারের মতোই সাজানো হয়েছে পুরো নন্দন চত্বর। ছোটদের মধ্যে প্রকৃতি বিষয়ে সচেতনতা গড়ে তুলতেই আমাদের এই উদ্যোগ।

প্রখ্যাত চলচ্চিত্রকার তপন সিংহ এবং মৃণাল সেনের এবার শতবর্ষ। তাই তাঁদের তৈরি একগুচ্ছ ছোটদের ছবিও আছে এবারের উৎসবে। এর সঙ্গে আছে জাপানের প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক মিয়াজাকির রেট্রোস্পেকটিভ।

আমেরিকা, রাশিয়া, চিন, জাপান, কানাডা, মেক্সিকো সহ মোট ৩১টি দেশের ১১১টি ছবি এবার দেখানো হচ্ছে। থাকছে ৯টি ভারতীয় ভাষার ছবিও। ছবি দেখানো হচ্ছে মোট ৯টি প্রেক্ষাগৃহে।

গগনেন্দ্র প্রদর্শশালায় প্রতিবারের মতো আছে একটি প্রদর্শনীও। কীভাবে ছবি তৈরি হয়, কোন পর্যায়ে কাজে লাগে কী ধরনের যন্ত্রপাতি ? এই বিষয়টিকে মাথায় রেখেই সাজানো হয়েছে এবারের প্রদর্শনী।

ছোটদের জন্য চলচ্চিত্র উৎসব আমরা শুরু করেছিলাম শুধু ভালো ছবি দেখাবো বলে নয়, আমাদের চারপাশের ছোট ছেলে-মেয়েরা যাতে ভবিষ্যতে ছবি তৈরির কাজে যুক্ত হতে পারে সেই লক্ষ্যকেও মাথায় রেখে। দশম বছরে অনুষ্ঠান সজ্জাতেও রয়েছে তারই প্রতিকলম।





দশে দিক। আনন্দে উজ্জ্বল দশ দিক। পায়ে পায়ে আমরা ছুঁয়ে ফেললাম দশম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের মাইলস্টোন। ২০১১ সালে শুরু হয়েছিল উৎসব। তারপর নানারকম চড়াই-উতরাই পেরিয়ে, অতিমারির কাল কাটিয়ে অবশেষে দশে পা।

নিয়মকানুন সব একরকমই আছে। আমাদের চলচ্চিত্র উৎসবে আজও কোনও টিকিট নেই। ছোটোদের জন্য আছে ডেলিগেট কার্ড। ছোটোদের হাত ধরে বড়োরা প্রবেশ করেন আঙিনায়।

এবার শুরুর দিনেই দেখানো হবে ভারী চমৎকার নেপালি ভাষায় তৈরি ছবি 'গুরাস'। ২০২১ সালে তৈরি ছবি। কার্লো ভিভ্যারি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে পুরস্কারপ্রাপ্ত। দার্জিলিঙের এক পাহাড়ি গ্রামের ছোট্ট পাহাড়ি মেয়ের লড়াইয়ের গল্প গুরাস। পরিচালক সৌরভ রাইয়ের সংবেদনশীল হাত আর মনের ছাপ রয়েছে ছবির সর্বত্র। উৎসবের শেষ দিনেও দেখানো হবে একদম নতুন কন্নড় ছবি 'তালেডান্ডে'। পরিচালক প্রবীণ ক্রুপাকার।

এবার আমরা বিষয় হিসাবে বেছে নিয়েছি পরিবেশ আর প্রকৃতি। কারণ আমাদের মনে হয়েছে নিজেদের চারপাশকে জানা ছোটোদের জন্য জরুরি। আর পরিবেশ যেভাবে ক্রমশ ধ্বংসের পথে যাচ্ছে. তাকে আটকাতে হলে শিশুদের সচেতন করাটা সব থেকে আগে দরকার। সেজন্য এবার নন্দন চত্বর সেজে উঠেছে পরিবেশের নানা দিক নিয়ে। তবে অন্যান্যবারের মতো কার্টুন চরিত্ররা বাদ যায়নি। সেজেগুজে তারাও হাজির হয়ে গেছে ছেলেমেয়েদের সঙ্গে ভাব করতে।

৩১ টি দেশের ১১১টি ছবি এবার দেখানো হয়েছে, যার মধ্যে অ্যাডভেঞ্চার, ভূত, পরিবেশ, অ্যানিমেশন সবরকমই আছে। এ ছাড়াও আছে ছোটোদের নিজেদের তৈরি ছবি। মোবাইলে ছবি তুলে ছোট্ট ফিল্ম বানিয়ে যারা পাঠিয়েছে, তারও প্রদর্শনীর ব্যবস্থা করেছি আমরা। দেখানো হয়েছে বেশ কিছু তথ্যচিত্রও। একতারা মঞ্চে হলিউডের নামকরা বেশ কয়েকটি ছবি দেখানোর ব্যবস্থাও এবার আছে। এবারের প্রদর্শনীর বিষয়টিও অভিনব— হাতে কলমে ছোটোদের জন্য সিনেমা তৈরির কর্মশালা তা। ছবি দেখতে দেখতে ছবি বানাবার স্বপ্ন দেখুক আজকের ছোটোরা। উৎসবের পাঁচ দিনই বেরোবে আগাগোড়া রঙিন বুলেটিন 'বায়োস্কোপের বাক্স'। তাতেও থাকবে নানা মজাদার খবর। থাকবে সাক্ষাৎকার, ছবি সম্পর্কে নানা তথ্য। তাই আর দেরি নয়। হাতে হাত ধরে সবাই মেতে ওঠো ছবির উৎসবে। তোমাদের হাসি-আনন্দ-আহ্লাদে ঝলমলিয়ে উঠুক উৎসব প্রাঙ্গণ।

**দীপান্বিতা রায়**
**শুভেন্দু দাশমুন্সী**

# Committee and Sub-Committees of the 10th Kolkata International Children's Film Festival, 2024

## Festival Patron

Shri Indranil Sen, Minister of State-Information & Cultural Affairs and Tourism Department (IC) and Tecnical Education, Training and Skill Development Department, Government of West Bengal (IC)

## 1. Executive Committee

Santanu Basu, IAS, Chairperson, Kolkata International Children's Film Festival & Secretary, Deptt. of I&CA
Arpita Ghosh, Director, Kolkata International Children's Film Festival & President, SKA
Kausik Basak, WBCS (Exe.), Spl. Secretary & E.O. Director of Culture Deptt. of I&CA.
Sharmistha Bandyopadhyay, WBCS (Exe.), C.E.O. Nandan & Addl. Secretary, Deptt. of I&CA
Prasadranjan Ray
Raju S.V. Raman
Sajal Dutta
Nirmal Dhar
Aveek Majumdar
Mriganka Banerjee
Subhendu Dasmunshi
Debesh Chattopadhyay
Shiladitya Sen
Dipanwita Roy
Avijit Goswami
Amartya Bhattacharya
John Haldar
Prasun Chatterjee
Manas Mukul Paul
Mandakranta Mahalanabis, WBICS, Convener, KICFF & Secretary in-Charge, SKA

## 2. Management & Liaison

Arpita Ghosh, President, SKA
Koustav Tarafdar, WBICS, Addl.DC, Deptt. of I&CA
Basudev Ghose, WBICS, JDC, Deptt. of I&CA and Secretary, Paschimbanga Bangla Akademi
Suprina Blon, WBICS, EO Nandan, Deptt. of I&CA
Pradip Kumar Sarkar, WBICS, JDI., Deptt. of I&CA
Tapan Tarafdar, WBICS, JDC, Deptt. of I&CA
Kushal Chakraborty, WBICS, DDF, Deptt. of I&CA

Devasis Dutta, WBICS, A.O. R.O.B
Sanjay Chakraborty, WBICS, A.O.
Madhusudan Mancha
Mitedra Chetri, WBICS, E.O. CCB
Sanjib Dey, WBA & AS A.O. Nandan
Biswanath Khan, SDICO, Bidhannagar
Santanu Das, Exe. Eng. I&CA Dept.
Sharbani Bandyopadhyay, Publication Manager, SKA
Arindam Mukhopadhyay, SKA
Anirban Ghosh, SKA

### 3. Finance

Arpita Ghosh, President, SKA
Prasadranjan Ray
Mriganka Banerjee
Mandakranta Mahalanabis, WBICS, Convener, KICFF & Secretary-in-Charge, SKA
Mahuya Roy, SKA

### 4. Publication & Printing

Arpita Ghosh, President, SKA
Prasadranjan Ray
Subhendu Dasmunshi
Shiladitya Sen
Dipanwita Roy
Debiprasad Bandyopadhyay
Parthajit Gangopadhyay
Rupak Chattaraj
Aveek Majumdar
Surya Bandyopadhyay, WBICS, DDI., Deptt. of I&CA
Anirban Ghosh, SKA
Sujit Halder, SKA
Madhusudan Mondal, SKA
Rajendra Ash, SKA
Sankalpa Sengupta, SKA
Dola Chowdhury
Pratyay Chowdhury
Swarnadeep Mitra
Koushiki Maity
Subhodip Dutta
Mousumi Dutta
Sharbani Bandyopadhyay, Convener, Publication Manager, SKA

### 5. Film Selection

Arpita Ghosh, President, SKA
Nirmal Dhar
Raju S.V. Raman
Sajal Dutta
Piyali Chowdhury
John Haldar
Kalyan Bhowmik
Avijit Goswami, Nandan
Pratyay Chowdury
Swarnadeep Mitra

## 6. Technical

Gokul Chandra Sarkar, WBICS, OSD & Member Secretary WBTA, Deptt. of I&CA
Lipika Banerjee, WBICS, A.O., WBTA, Deptt. of I&CA
Kalyan Bhowmik
Subir Basu
Rajat Kayal
Sudip Bhattacharya
Rabindranath Dash
Surajit Roy
Koushik Chowdhury

## 7. Print Unit

Gokul Chandra Sarkar, WBICS, OSD & Member Secretary WBTA, Deptt. of I&CA
Lipika Banerjee, WBICS, A.O., WBTA, Deptt. of I&CA
Kalyan Bhowmik
Kajal Kumar Sarkar

## 8. Press, Media Publicity

Arpita Ghosh, President, SKA
Sumita Dey, WBICS, Chief of News Bureau, Deptt. of I&CA
Debasis Ray, WBICS, JDI, Deptt. of I&CA
Kalpendu Mukherjee, WBICS, JDI, Deptt. of I&CA
Goutam Chakraborty, EOP. Deptt & I&CA
Smarajit Pramanik, RO, Deptt. of I&CA
Mousumi Sengupta, AIO News Bureau Deptt. of I&CA

## 9. Programme

Nirmal Dhar
Sajal Dutta
Avijit Goswami, Nandan
Arindam Mukhopadhyay, SKA
Anirban Ghosh, SKA
Surajit Roy, SKA
Koushik Chowdhury, SKA

## 10. Exhibition

Debesh Chattopadhyay
Kaustav Tarafdar, WBICS, ADC, Deptt. of I&CA
Debkumar Hazra, A.O. Uttirna
Sumita Dey, WBICS, CNO, Deptt. of I&CA
Jayasree Mondal Pal, WBICS, JDI, Deptt. of I&CA
Ases Mukhopadhyay, Roopkala Kendra
Mita Chakraborty, Roopkala Kendra
Tapan Bhattacharya, Roopkala Kendra
Soumendu Bhattachary a Roopkala Kendra
Biswajit Lahiri, Sr. Artist, Deptt. of I&CA
Anirban Ghosh, SKA
Rajendra Ash, SKA

## 11. Hospitality

Debasish Halder, WBICS, Secy, FTCC, Deptt. of I&CA
Koushik Nandi, WBICS, JDI, Deptt. of I&CA
Jagadish Chandra Roy, WBICS, JDI, Deptt. of I&CA
Sunandita Dasgupta, WBICS, JD, Deptt. of I&CA
Arunava Mitra, WBICS, ADI, Deptt. of I&CA
Giridhari Saha, WBICS, DDC, Deptt. of I&CA
Anup Gayan, WBICS, DDI, Deptt. of I&CA
Rana Debdas, WBICS, ADI, Deptt. of I&CA
Saumen Khamrui, E.O., RCP
Saibal Bandoypadhyay, Protocol Officer
Mahuya Roy, SKA
Ranabir Sengupta, SKA
Surajit Roy, SKA
Koushik Chowdhury, SKA
Madhusudan Mondal, SKA
Saikat Kumar Ghoshal, SKA
Rajesh Das, SKA
Lina Bose, SKA
Pratima Mistry, SKA

## 12. Delegate Registration

Saumen Khamrui, E.O., RCP
Narayan Sahoo, RCP
Debolina Maity, RCP
Raja Mondal, PBKA
Sutapa Some Chowdhury, KIC
Punam Ray, PBKA
Gopal Roy Karmakar, KIC
Bimal Roy, KIC

## Festival Convener

Mandakranta Mahalanabis, WBICS, Convener, KICFF & Secretary-in-Charge SKA

# Contents


| | |
|---|---|
| INAUGURAL FLIM | 21 |
| CLOSING FILM | 22 |
| NATURE | 23 |
| CENTENARY TRIBUTE : MRINALSEN | 29 |
| CENTENARY TRIBUTE : TAPAN SINHA | 31 |
| RETROSPECTIVE :HAYAO MIYAZAKI | 35 |
| SONAR KELLA-R 50 | 41 |
| TWO MASTERS | 43 |
| CINEMA OF THE WORLD | 45 |
| ANIMATION FEATURES | 63 |
| HOLLYWOOD CLASSICS | 79 |
| NATIONAL AWARD WINNING CHILDRENS MOVIE | 85 |
| SPECIAL SCREENING | 91 |
| INAUGURAL FILMS LAST 9 YEARS | 95 |
| BENGALI PANORAMA | 99 |
| SHORTS | 103 |
| MOBILE FILM COMPETITION | 110 |
| DOCUMENTARY | 111 |



## INAUGURAL FILM

# GURAS

2023, 116 Mins
India (North Bengal), Nepal
**Language:** Nepalese
**Director:** Saurav Rai

In the quiet hills of Darjeeling, young Guras' days are usually calm, filled with village rituals and occasional excitement. When her dear dog Tinkle disappears, Guras suspects a neighboring village, hoping he escaped the leopard's clutches. Yet, her family faces challenges with the cardamom harvest, struggling to survive. Alone but determined, Guras embarks on a magical quest through tea plantations. In this mystical odyssey, she discovers unexpected wisdom, navigating the painful loss of a furry friend. 'Guras' unfolds a poignant tale, revealing the diverse ways children and adults cope with grief in this enchanting land.

২০২১-এ ৫৭তম কার্লোভিভ্যারি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বিশেষ জুরি পুরস্কারপ্রাপ্ত এই ছবি প্রতিকূল পরিস্থিতিতেও হার না মেনে সামনের দিকে এগিয়ে চলার জন্য মানবসভ্যতার যে চিরকালীন সংগ্রাম, তারই প্রতিচ্ছবি। দার্জিলিঙের ছোট্ট পাহাড়ি গ্রামের ছোট্ট মেয়ের লড়াইয়ের কাহিনি উঠে এসেছে নেপালি ভাষায় তৈরি ছবি 'গুরাস'-এ। শান্ত স্নিগ্ধ ছবির মতো এক পাহাড়ি গ্রামে বাস করে



ছোট্ট মেয়ে গুরাস ও তার পরিবার। তাদের শান্তির জীবনে হঠাৎই নেমে আসে অশান্তির কালো মেঘ। হারিয়ে যায় তার পোষা কুকুর টিঙ্কল। গুরাসের ভয় চিতাবাঘকে। যদিও তার আশা, টিঙ্কল হয়তো কোনওভাবে বুদ্ধি করে চিতাবাঘের থাবা এড়িয়ে পালিয়েছে। এলাচ চাষে লোকসান হওয়ায় গুরাসের পরিবার বিপদে পড়ে। শুরু হয় গুরাসের লড়াই। এলাচের বিকল্প হিসাবে চা গাছ পোঁতার কাজ শুরু করার পর তার জীবনে কিছু অদ্ভুত পরিবর্তন আসে। টিঙ্কলকে হারানোর দুঃখ ভুলে এক নতুন আনন্দময় পথে যাত্রা শুরু হয় গুরাসের।



Saurav Rai, a Satyajit Ray Film and Television Institute graduate specializing in Film Direction and Screenplay Writing, has left an indelible mark on the film industry. His debut short film, 'Monsoon Rain', premiered at the 34th International Munich Film Festival in 2014, followed by his diploma film 'Gudh/Nest', the only Indian entry at the 69th Cannes Cinefondation in 2016.



সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউটের ডিরেকশন এবং স্ক্রিনপ্লের স্নাতক সৌরভ রাই ইতিমধ্যেই সিনেমার জগতে নিজের ছাপ রেখেছেন। তাঁর প্রথম স্বল্পদৈর্ঘ্যের ছবি 'মনসুন রেইন' ৩৪তম আন্তর্জাতিক মিউনিখ ফিল্ম ফেস্টিভ্যাল-এ প্রদর্শিত হয়। তাঁর ছবি 'গুরাস' প্রদর্শিত হয়েছে বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, কেরালা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবসহ বিশ্বের আরও বেশ কিছু চলচ্চিত্র উৎসবে।

# TALEDANDA

[Beheading Life]
2022, 133 Mins
India
**Language:** Kannada
**Director:** Praveen Krupakar

'Taledanda' is the story of protagonist Kunna, a mentally challenged person who shows an exemplary concern for the conservation of the environment and has a passion for plants and trees, and nature as a whole. Kunna inherits his love for nature from his father Jademada, who has an incredible love for nature. After his father's demise, Kunna grows up with his mother Kethamma, working as a daily laborer in the forest department nursery. A road gets sanctioned by the government to connect the village to the Highway. The MLA to safeguard his own lands manipulates the road plan that requires the felling of many trees. Kunna opposing tree felling manhandles the government officers and gets arrested. What happens to the felling of trees and what does Kunna is the story of the film. The film TALEDANDA highlights the tradition and culture of the Soliga tribe, which is unacknowledged by society, and intends to keep it alive for generations to come.

'তালেডান্ডা'র কেন্দ্রে আছে বিশেষভাবে সক্ষম ব্যক্তি কুন্না। সে ভালোবাসে গাছগাছালি এবং গাছপালায় ঘেরা পরিবেশ ও প্রকৃতিকে। এই পরিবেশ ও প্রকৃতিকে সে কিছুতেই নষ্ট হতে দিতে চায় না। এ বিষয়ে তার পথপ্রদর্শক বাবা জাডেমাডা। কিন্তু খুব অল্প বয়সেই বাবাকে হারায় সে। মা খেতাম্মা বন বিভাগের নার্সারিতে শ্রমিকের কাজ করে সংসার চালায়। কিন্তু কুন্নার দারুণ প্রিয় এই সবুজ প্রকৃতির সামনে আসে এক ভয়ংকর সমস্যা। কুন্নার গ্রাম থেকে শহর পর্যন্ত সড়ক নির্মাণের জন্য এক সরকারি প্রকল্প নেওয়া হয়। সরকারি কাজে প্রাণপণে বাধা দিয়ে গ্রেফতার হয় কুন্না। কুন্না কি পারবে তার প্রিয় গাছেদের রক্ষা করতে? সলিগা নামের এক আদিবাসী সম্প্রদায়ের ঐতিহ্য এবং সংস্কৃতিকে তুলে ধরার চেষ্টা করা হয়েছে এই ছবিতে।





Praveen Krupakar is a film director, actor, scriptwriter, and producer in the Kannada film industry. He is also a faculty member at the University of Mysore since 1996.

প্রবীণ ক্রুপাকর একাধারে অভিনেতা, চিত্রনাট্যকার, প্রযোজক ও পরিচালক। মহিশূর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন এই পরিচালক। তাঁর ছবি অনুপ্রাণিত করে, আশার কথা বলে।




THEME: NATURE
প্রকৃতি ও পরিবেশ



## HATARI

1962, 157 Mins United States
**Language:** English, Swahili
**Director:** Howard Hawks

'Hatari!' (1962) is an adventurous action-comedy directed by Howard Hawks. Set in Tanganyika (present-day Tanzania), the film follows a group of professional game catchers led by Sean Mercer (John Wayne). The team captures wild animals for zoos around the world. Their camaraderie is tested as they navigate the African landscape, and romantic entanglements ensue. Filled with humor, danger, and stunning wildlife scenes, 'Hatari!' is a unique cinematic safari.

হাওয়ার্ড হক্‌স পরিচালিত চিরসবুজ ছবি ‘হাটারি’। ১৯৬২ সালের এই অ্যাডভেঞ্চার ছবিতে আফ্রিকার জঙ্গল এবং বন্যপ্রাণী যেভাবে উঠে এসেছে তা এককথায় অভাবনীয়। মোমেলা গেম কোম্পানি–তাদের কাজ চিড়িয়াখানা এবং সার্কাসের বন্যপ্রাণী ধরা। তাদের একটি দল, যাদের নেতা সিন মার্কার যায় টাঙ্গানিকা (বর্তমানে তানজানিয়া)-য়। সেখানে আসেন এক ইটালিয়ান মহিলা চিত্রগ্রাহক ডালাস। ঘটে নানা ঘটনা। কোনওটি মজার, কোনওটি আতঙ্কের, আবার কোনওটিতে উঠে এসেছে আফ্রিকার মনোরম সবুজ সৌন্দর্য। মূলত অ্যাডভেঞ্চারের ছবি ‘হাটারি’তে আমরা দেখতে পাই আফ্রিকার প্রাণীজগতের অসাধারণ ডকুমেন্টেশন, যা এই ছবির অন্যতম সম্পদ।

## BORN FREE

1966, 95 Mins United Kingdom, USA
**Language:** English
**Director:** James Hill

Elsa, a lioness, and her owners, Joy and George Adamson, form an extraordinary bond in the vast landscapes of Kenya. Based on a true story, 'Born Free' follows the Adamsons' remarkable journey as they raise Elsa from a cub to adulthood. As Elsa grows, the couple faces the challenging decision of reintroducing her to the wild, testing the strength of their connection. The film explores themes of wildlife conservation, love, and the freedom that every creature deserves.

জয় অ্যাডামসন ১৯৬০-এর নন-ফিকশন ‘বর্ন ফ্রি’ লেখাটিকে ১৯৬৬- তে সিনেমার পর্দায় আনলেন পরিচালক জেমস হিল। কেনিয়ার অরণ্যে তিন মাতৃহারা সিংহশাবককে নিজেদের বাড়িতে রেখে বড়ো করে তোলেন অ্যাডামসন দম্পতি। বড়ো দুই শাবককে চিড়িয়াখানায় দিয়ে দিলেও এলসাকে ছাড়তে পারেন না কেউই। ক্রমশ বড়ো হয়ে ওঠে এলসা। স্বামী-স্ত্রী দুজনেই অনুভব করেন এলসাকে তার নিজের জগতে অর্থাৎ বন্য পরিবেশে ফিরিয়ে দেওয়া উচিত। কারণ ‘বন্যেরা বনে সুন্দর’। সবুজ আফ্রিকার অরণ্যের প্রেক্ষাপটে নির্মিত এই ছবি পেয়েছে দুটি অস্কার এবং একটি গোল্ডেন গ্লোব পুরস্কার।



# THEME: NATURE

## SAFED HAATI

1977, 117 Mins
India
**Language:** Hindi
**Director:** Tapan Sinha

Shibu lives in a small village bordering the jungle with is uncle, aunt and sister Rani. While his uncle is indifferent to him, his aunt is very cruel. Mynah, a talking bird, is Shibu's best friend. Shibu befriends Airawat–a white elephant who gives him a gold. The greedy uncle and aunt disclose this to the king who captures Airawat. How will Shibu save his friend?

বনের ধারের ছোট্ট গাঁয়ে শিবু আর তার বোন রানি থাকে কাকা-কাকিমার সঙ্গে। দুই ভাইবোনের প্রতি কাকা-কাকিমার ব্যবহার খুবই নিষ্ঠুর। একমাত্র কথা-বলা ময়না শিবুর প্রিয় বন্ধু। সাদা হাতি ঐরাবতের ভাব হল, যে তাকে সোনা উপহার দেয়। কিন্তু লোভী কাকা-কাকিমা মহারাজের কাছে এই গোপন কথা বলে দেয়; রাজা ঐরাবতকে বন্দি করে। শিবু কি পারবে তার বন্ধুকে বাঁচাতে?





## THE SENTRIES OF THE DELTA

2022, 82 Mins Romania
**Director:** Liviu Mărghidan

The second movie of 'The Sentries' series presents the adventures of a couple of children in a camp situated in the Danube Delta; the story weaves together initiation lessons in kayaking and survival in the wild with environmental cleaning activity undertaken in this natural reserve included on the UNESCO world heritage site, list since 1991. A group of 8 children break away from the rest of the members of the camp and discover some poachers, who are using an electric device to fish, which is extremely damaging and dangerous. The children are brushed away and mocked by the poachers and, in order to get their revenge, the children decide to steal their electric device the next day. A chase begins between the children and the poachers and all kinds of events take place in-between, until the so called fishermen are exposed for what they really are.

'দ্য সেন্ট্রিজ' সিরিজের দ্বিতীয় ছবি 'দ্য সেন্ট্রিজ অব ডেল্টা'। দানিয়ুব নদীর বদ্বীপে কয়েকটি ছেলেমেয়ের একটি দলকে কায়াকিং ও বন্য পরিবেশে বেঁচে থাকার পাঠ দেওয়া হয়। আটজন ছেলেমেয়ে দল থেকে বেরিয়ে যায়। বনে ঘুরতে ঘুরতে তারা আবিষ্কার করে একদল চোরাশিকারি। তারা বৈদ্যুতিক যন্ত্রের সাহায্যে মাছ ধরছিল। এদের শাস্তি দেওয়ার জন্য শুরু হয় তাদের অভিযান।

# PLANET EARTH

20074, 150 Mins
UK
**Language:** English
**Director:** Alastair Fothergill

A documentary series on the wildlife found on Earth. Each episode covers a different habitat: deserts, mountains, deep oceans, shallow seas, forests, caves, Polar Regions, fresh water, plains and jungles. Narrated by David Attenborough.

পৃথিবীর বন্যপ্রাণ নিয়ে তৈরি তথ্যচিত্র। প্রতিটি পর্বে রয়েছে বিভিন্ন বাস্তুতন্ত্রের বন্যপ্রাণের বিবরণ: মরুভূমি, সমুদ্র, অরণ্য, মেরু অঞ্চল ও সমতল। ডেভিড অ্যাটেনবরোর অসামান্য ধারাভাষ্যে শোনা যাবে গল্পগুলি।



# EIKHOIGI YUM

[Our Home]
2022, 119 Mins
India
**Language:** Meitei
**Director:** Romi Meitei

The story beautifully depicts the profound connection between a home and one's well-being. Set against the backdrop of Loktak Pat, the film portrays the daily lives of those residing in homes built on floating biomass called Phumshang. The narrative unfolds the harsh reality of eviction faced by fisherfolk due to the Loktak Protection Act, of 2006, disrupting their livelihoods. Beyond politics, the film captures social issues and the changing landscape of Loktak Lake, offering a poignant exploration of the pain endured by the protagonist and the broader community. Despite technical prowess, the film's strong narrative takes precedence, creating a captivating soundscape reminiscent of a night's adventure across the lake of sorrow.

রোমি মেইতেইর ২০২২-এর ছবি ‘এইখোইগি ইয়াম’ মেইতেই ভাষায় শ্রেষ্ঠ ছবির জাতীয় পুরস্কার জিতে নিয়েছে। লোকটাক হ্রদে মাছ ধরে যারা জীবনধারণ করত, ২০০৬-এর লোকটাক প্রোটেকশন অ্যাক্ট লাগু হওয়ার ফলে তাদের মাছ ধরা বন্ধ হয়ে যায়। সেখান থেকে উচ্ছেদ করা হয় তাদের। ঘরহারা এই মানুষগুলো নিজেদের মতো করে এক ভাসমান ঘর বানিয়ে নেয়। যাকে বলা হয় ‘ফুমসাং’। এই ভেসে-চলা মানুষগুলোর প্রতিদিনের বেঁচে থাকার লড়াই, অদম্য জেদ, শত প্রতিকূল পরিস্থিতিতেও হার-না-মানা মনোভাব রোমি তুলে ধরেছেন তাঁর ছবিতে।



## THEME: NATURE

# AADOR

2023, 97 Mins.
India, Bengali
**Diretor:** Debdut Ghosh

The plot involves a young female elephant and revolves around a small village named Kharkai in Tripura. The story begins with a village lawyer named Joyram Mukherjee, a person of moderate income who had bought an elephant to respond the arrogance of a big zamindar family of that locality. Joyram was the legal advisor of the zamindar's late father and had saved him from many critical situations. He had requested the zamindar to send an elephant for the joy ride on his daughter's marriage. Joyram was under the impression that the zamindar won't refuse such a humble request of a friend of his late father. However, the zamindar's wife rudely refused Joyram's request. The old man felt insulted at the behavior and became so adamant that he bought an elephant with all the money he had saved for the future of his family.

গল্পের কেন্দ্রে আছে একটি হাতি। ত্রিপুরার খরকাই গ্রামে বাস জয়রাম মুখার্জির। তিনি ছিলেন বর্তমান জমিদারের বাবার আইনি উপদেষ্টা। তাঁকে অনেক সঙ্কটময় পরিস্থিতি থেকে রক্ষাও করেছিলেন। সেই সুবাদে তিনি জমিদারকে তাঁর মেয়ের বিয়েতে একটি হাতি পাঠানোর অনুরোধ করেন। জমিদারগিন্নি তাঁর এই অনুরোধ প্রত্যাখ্যান করেন। অপমানিত জয়রাম ভবিষ্যতের সব সঞ্চয় ব্যয় করে একটি হাতি কেনেন। নাম রাখেন আদর। আদর গ্রামবাসীদের খুবই প্রিয় হয়ে ওঠে। জয়রাম ও আদরের মধুর সম্পর্ক হয়ে ওঠে বাবা-মেয়ের মতো, এর পরে কী হয়?



# CENTENARY TRIBUTE : MRINAL SEN




Indian cinema was enriched by the presence of Mrinal Sen, born on May 14, 1923, in Faridpur in the Indian subcontinent. Influenced by his family's political ties, he found himself in the company of figures like Netaji Subhas Chandra Bose and Deshabandhu Chittaranjan Das. His brother's friend, the eminent poet Jasimuddin, added another dimension to his social connections. Beginning his education in his hometown, he later pursued college in Kolkata, where his passion for reading flourished. This love for literature became a foundation for his cinematic endeavors. Sen's directorial journey included notable films like 'Raatbhor' his debut, and acclaimed works such as 'Aakash Kusum', 'Neel Akasher Niche', and 'Baishe Shravan'. The release of 'Bhuban Shome' in 1969 marked a significant milestone, captivating cinephiles worldwide. Sen's exploration of the language of cinema remained a constant theme throughout his career. His films delved into the lives of the ordinary middle class, earning global acclaim. Mrinal Sen, exemplifying dedication until his last breath, stands as a true auteur director.

মৃণাল সেন ভারতীয় চলচ্চিত্রজগতের অন্যতম পথিকৃৎ। জন্ম ১৯২৩-এর ১৪ মে অবিভক্ত ভারতের ফরিদপুরে। বাবা রাজনীতির সঙ্গে যুক্ত থাকায় শৈশবেই নেতাজি সুভাষচন্দ্র বসু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের মতো ব্যক্তিত্বের সান্নিধ্য পেয়েছেন। নকশিকাঁথার কবি জসীম উদ্দীন ছিলেন তাঁর দাদার বন্ধু। পড়াশোনা ফরিদপুরে হলেও কলেজজীবন কলকাতাতেই। নানা ধরনের বই পড়তে শুরু করেন এই সময়ই। ন্যাশনাল লাইব্রেরিতে ঘণ্টার পর ঘণ্টা মগ্ন থাকতেন বইয়ের পাতায়। সিনেমা, দর্শন, রাজনীতি, আর্ট সব ধরনের বই পড়াতেই তাঁর ছিল সমান আগ্রহ। এখান থেকেই তাঁর চলচ্চিত্র নির্মাণের স্বপ্ন দেখা শুরু। প্রথম ছবি 'রাত-ভোর'। তারপর করেছেন আরও কিছু ছবি। নীল আকাশের নীচে, বাইশে শ্রাবণ। ১৯৬৯ সালে মুক্তি পেল 'ভুবন সোম'। নতুন ঘরানার জন্ম হল ভারতীয় সিনেমাতে। অবিরাম পরীক্ষানিরীক্ষা করে গেছেন ছবি নিয়ে। তাঁর সিনেমায় শহর কলকাতা উঠে এসেছে নানাভাবে। তিনি সবসময়ই তুলে ধরেছেন প্রান্তিক, মধ্যবিত্ত মানুষের জীবনসংগ্রামের কথা। দেশে-বিদেশে পুরস্কৃত হয়েছে তাঁর অধিকাংশ ছবি। নিরলস এই শিল্পী জীবনের শেষ দিন পর্যন্ত মগ্ন ছিলেন সৃষ্টিতে।

# ICHCHHAPURAN

1966, 66 Mins
India
**Language:** Bengali
**Director:** Mrinal Sen

This is an adaptation of Rabindranath Tagore's short story 'Ichchhapuran'. Sushilchandra is very naughty and disinterested in studies. Subalchandra,his father tries to rectify his nature but inside he likes the childhood freedom. On the other hand Sushil wishes to be like his father. One night their wishes are fulfilled.

রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প 'ইচ্ছাপূরণ' অবলম্বনে মৃণাল সেনের ১৯৬৬ সালের ছবি 'ইচ্ছাপূরণ'। বাবা সুবলচন্দ্র, ছেলে সুশীলচন্দ্র। কিন্তু তাদের এই জীবন একটুও ভালো লাগে না। ইচ্ছাপূরণ ঠাকুরানি তাদের এই ইচ্ছা পূর্ণ করেন। শরীর এক থাকলেও ব্যক্তিত্বের পার্থক্য হয়ে যায়। বাবার আচরণ ছেলের মতো। আর ছেলে সুশীলচন্দ্রর হাবভাব হয়ে যায় ঠিক বাবা সুবলচন্দ্রর মতো। ১ ঘণ্টা ৬ মিনিটের এই ছবি দর্শকেরও ইচ্ছাপূরণ করে।



"সুশীল বিছানায় পড়িয়া কাঁদিতে কাঁদিতে সমস্ত দিন ধরিয়া কেবল মনে করিতে লাগিল যে, 'আহা, যদি কালই আমার বাবার মতো বয়স হয়, আমি যা ইচ্ছা তাই করতে পারি, আমাকে কেউ বন্ধ করে রাখতে পারে না।'
"তাহার বাপ সুবলবাবু বাহিরে একলা বসিয়া বসিয়া ভাবিতে লাগিলেন যে, 'আমার বাপ মা আমাকে বড়ো বেশি আদর দিতেন বলেই তো আমার ভালোরকম পড়াশুনো কিছু হল না। আহা, আমার যদি সেই ছেলেবেলা ফিরে পাই, তা হলে আর কিছুতেই সময় নষ্ট না করে কেবল পড়াশনো করে নিই।'
"ইচ্ছাঠাকরুন সেই সময় ঘরের বাহির দিয়া যাইতেছিলেন। তিনি বাপের ও ছেলের মনের ইচ্ছা জানিতে পারিয়া ভাবিলেন, 'আচ্ছা ভালো, কিছুদিন ইহাদের ইচ্ছা পূর্ণ করিয়াই দেখা যাক।'
"এই ভাবিয়া বাপকে গিয়া বলিলেন, 'তোমার ইচ্ছা পূর্ণ হইবে। কাল হইতে তুমি তোমার ছেলের বয়স পাইবে।' ছেলেকে গিয়া বলিলেন, 'কাল হইতে তুমি তোমার বাপের বয়সী হইবে।' শুনিয়া দুইজনে ভারী খুশি হইয়া উঠিলেন।"

ইচ্ছাপূরণ, রবীন্দ্রনাথ ঠাকুর

# CENTENARY TRIBUTE : TAPAN SINHA

## শতবার্ষিক শ্রদ্ধার্ঘ্য

# তপন সিংহ

Enter the world of Tapan Sinha (1924-2009) the master architect of Indian cinema! Born on October 2, 1924, in the bustling city of Kolkata, he was like a skilled builder who crafted more than 40 cinematic structures, each telling a unique and fascinating tale.
Tapan Sinha, with his artistic tools, constructed films that were like magnificent buildings, exploring the beauty and complexity of our society. Picture 'Kabuliwala' a breathtaking architectural creation inspired by the wisdom of Rabindranath Tagore, standing tall as a testament to the power of visual storytelling. But wait, there's more to this creative builder! Sinha's films, like "Hatey Bazarey," were structural wonders that addressed important issues in our vibrant land. It was like constructing bridges of understanding and compassion, connecting different corners of our magical world. This visionary director received numerous accolades, such as the National Film Award and Filmfare Lifetime Achievement Award.

তপন সিংহ (১৯২৪-২০০৯) ভারতীয় চলচ্চিত্রের এক দিকপাল চিত্রপরিচালক। জন্মগ্রহণ করেন ২ অক্টোবর ১৯২৪ সালে কলকাতায়। প্রায় চল্লিশের বেশি ছবি পরিচালনা করেছেন। উপস্থাপনার নৈপুণ্যে প্রতিটি ছবি আকর্ষণীয়, জনপ্রিয় আর শিল্পগুণসম্পন্ন।
তিনি তাঁর শৈল্পিক সৃজনে সমাজের সহজ সৌন্দর্য আর গভীর জটিলতাকে ধারাবাহিকভাবে অন্বেষণ করেছেন। রবীন্দ্রনাথের অমর কাহিনি 'কাবুলিওয়ালা'র গল্পকে তিনি অনুসৃজন করেছেন চলচ্চিত্রের ভাষায়। আবার 'হাটে বাজারে'র মতো ছবিতে পরীক্ষামূলকভাবে তিনি বুনেছেন তাঁর কাহিনি। সমাজের আর ভাবনার বিভিন্ন প্রান্তকে তিনি বেঁধেছেন তাঁর চিত্রমালায়। এই কিংবদন্তিপ্রতিম পরিচালক বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র পুরস্কার এবং ফিল্মফেয়ার লাইফটাইম অ্যাচিভমেন্ট পুরস্কারের মতো অসংখ্য সম্মানে ভূষিত হয়েছেন। এই স্বীকৃতি তাঁকে শুধু ভারতের নয়, আন্তর্জাতিক চলচ্চিত্রজগতের অন্যতম শ্রেষ্ঠ পরিচালকরূপে গ্রহণ করেছে। তাঁর ছবি সব কালের সমস্ত শ্রেণির ও সব বয়সের দর্শকদের জন্য এক অনন্য সম্পদ।



# KABULIWALA

[The Man from Kabul]
1957, 106 Mins
India
**Language:** Bengali
**Director:** Tapan Sinha

'Kabuliwala' directed by Tapan Sinha, is a cinematic adaptation of Rabindranath Tagore's heart-touching short story. The film delves into the unlikely friendship between a young girl, Mini, and a Kabuliwala, Rahmat. Set against the backdrop of cultural diversity and human connections, the narrative explores the emotional bonds that transcend societal differences, showcasing the power of empathy and understanding.

রবীন্দ্রনাথের অমর সৃষ্টি 'কাবুলিওয়ালা'কে ১৯৫৭ সালে পর্দায় আনলেন তপন সিংহ। সুদূর আফগানিস্তানের রহমত এবং শহর কলকাতার ছোট্ট মেয়ে মিনি—এই দুই অসমবয়সি মানুষের বন্ধুত্ব এই গল্পের কেন্দ্রীয় চরিত্র। ধর্ম, সংস্কৃতি, পরিবেশ, বয়স সেখানে কোনও বাধা হয়ে দাঁড়ায় না। ঘটনাপরম্পরায় এসেছে কারাগারের অন্ধকার। কিন্তু তার মধ্যেও আছে আলো। সেই আলো মানবিকতার। কালজয়ী এই ছবি সব বয়সের দর্শকেরই ভালো লাগার এবং ভালোবাসার।

"আমার ঘর পথের ধারে। হঠাৎ মিনি আগ্‌ডুম-বাগ্‌ডুম খেলা রাখিয়া জানালার ধারে ছুটিয়া গেল এবং চীৎকার করিয়া ডাকিতে লাগিল, 'কাবুলিওয়ালা, ও কাবুলিওয়ালা।'
"ময়লা ঢিলা কাপড় পরা, পাগড়ি মাথায়, ঝুলি ঘাড়ে, হাতে গোটাদুই-চার আঙুরের বাক্স, এক লম্বা কাবুলিওয়ালা মৃদুমন্দ গমনে পথ দিয়া যাইতেছিল—তাহাকে দেখিয়া আমার কন্যারত্নের কীরূপ ভাবোদয় হইল বলা শক্ত, তাহাকে ঊর্ধ্বশ্বাসে ডাকাডাকি আরম্ভ করিয়া দিল। আমি ভাবিলাম, এখনই ঝুলিঘাড়ে একটা আপদ আসিয়া উপস্থিত হইবে, আমার সপ্তদশ পরিচ্ছেদ আর শেষ হইবে না।"

কাবুলিওয়ালা, রবীন্দ্রনাথ ঠাকুর



# SABUJ DWIPER RAJA

[The Green Island]
1979, 109 Mins
India
**Language:** Bengali
**Director:** Tapan Sinha



সবুজ দ্বীপের রাজা-র
কাহিনীকার সুনীল গঙ্গোপাধ্যায়।

Tapan Sinha's 'Sabuj Dwiper Raja' unfolds the adventure on the green island, where fantasy meets reality. The film takes the audience on a journey filled with magical elements and captivating storytelling. As the narrative unravels, viewers are immersed in a world where the ordinary becomes extraordinary, exploring the mysteries and wonders of the green island and its enigmatic ruler.

তপন সিংহর ১৯৭৯ সালের ছবি 'সবুজ দ্বীপের রাজা'। কাহিনি সুনীল গঙ্গোপাধ্যায়। কুখ্যাত দুষ্কৃতী পাঞ্জা ও তার সাঙ্গোপাঙ্গ আন্দামানের সবুজ দ্বীপে যায় হাজার হাজার বছর ধরে জ্বলতে-থাকা এক বস্তুপিণ্ড চুরি করতে। তাদের ধাওয়া করে রাজা রায়চৌধুরী ওরফে কাকাবাবু ও সন্তু। সেই দ্বীপের অধিবাসী জারোয়া উপজাতি। তাদের রাজা এক অদ্ভুত মানুষ। কী তার পরিচয়? রহস্য রোমাঞ্চ অ্যাডভেঞ্চার, তার সঙ্গে সমুদ্র-ঘেরা সবুজ আন্দামানের সৌন্দর্য এই ছবির সম্পদ।




“কলকাতায় ফিরে এসে আমি সুনীলবাবুর গল্পটা পড়লাম—'সবুজ দ্বীপের রাজা'। ছোটোদের ছবির চিন্তা যখনই মাথায় এসেছে তখনই আমি ছবির ব্যাকড্রপ অর্থাৎ পরিবেশটা বদলানোর কথা ভেবেছি। কলকাতার এই নাগরিক জীবন ও পরিবেশ বড়োদের মতো ছোটোদের মনেও এক ধরনের পরোক্ষ চাপ তৈরি করে। গল্পগুলির পরিবেশ ছোটদেরও ক্লান্ত করে। অথচ আকাশ নদী অরণ্যের ছবি দেখার জন্য দূরের পৃথিবী খোঁজার প্রয়োজন নেই। আমাদের দেশ এই ভারতবর্ষেই অনেক সুন্দর জায়গা আছে যা দেখলে চোখ জুড়িয়ে যায়। এই ভাবনার জন্য আমি সচেতনভাবে ছোটোদের ছবিতে সামগ্রিক পরিবেশটা পাহাড় বা জঙ্গলে বদলে দিতে চেষ্টা করেছি। সুনীলবাবুর গল্পটা পড়বার পরই দেখলাম ব্যাকড্রপ হচ্ছে আন্দামান. সেটা আমাকে প্রভাবিত করল. এবার গল্পটারও একটা নিজস্ব আবেদন ছিল। নিজে আগে গিয়ে আন্দামানের পরিবেশটা দেখে এলাম. তারপর ইউনিটের সবাই মিলে আন্দামানে গিয়ে কাজ শেষ করে ফিরে এলাম।”

তপন সিংহ

## ANOKHA MOTI

2000, 86 Mins India

**Language:** Hindi **Director:** Tapan Sinha

In this picture, the central character Sumati's father goes to the sea to catch fish. Sumati's hobby is collecting seashells of various colors. One day, her father brings her a seashell in which she finds a pink pearl. Sumati carefully places it in the shell's home. Everyone in the area learns about this pink pearl. After that, various events unfold. The film depicts human behavior, greed, along with the virtues of innocence, honesty and simplicity.



এই ছবির কেন্দ্রীয় চরিত্র সুমতির বাবা রোজ সমুদ্রে যায় মাছ ধরতে। সুমতির শখ রংবেরঙের ঝিনুক জমানো। একদিন তার বাবা তাকে একটি ঝিনুক এনে দেয়, যার মধ্যে পাওয়া যায় একটি গোলাপি মুক্তো। সুমতি সেটিকে অতি যত্নে তার ঝিনুকের ঘরে রেখে দেয়। এলাকার সবাই জেনে যায় এই গোলাপি মুক্তোর কথা। এরপর ঘটে নানা ঘটনা। ছবিতে উঠে এসেছে মানুষের কুপ্রবৃত্তি, লোভ। একই সঙ্গে রয়েছে সুকুমার-বৃত্তি, সততা আর সারল্যের কথাও।

Jatin Chatterjee, living in poverty during British rule in India, becomes entangled in the fight for independence. Rescued by Shyam Jadhav, he is educated and hired to teach Shyam's sons. Years later, as the sons grow up, a bright young boy named Tetra impresses everyone with his skills. When Ram Jadhav enters politics, he faces challenges from his forgetful brother and a gambling sibling. Jatin's teachings on Robin Hood leave a long lasting impact on the community. Witness the journey of these characters in a tale of education, politics, and the echoes of Robin Hood.



## AAJ KA ROBINHOOD

[Return of Robinhood]

1987, 111 Mins India

**Language:** Bengali **Director:** Tapan Sinha

তপন সিনহার ১৯৮৭ সালের ছবি 'আজ কা রবিনহুড'। কাহিনিও তাঁরই। ভারত ছাড়ো আন্দোলনের একজন সেনানী যতীন চ্যাটার্জি। এক সংকটকালীন পরিস্থিতিতে তাঁকে উদ্ধার করেন শ্যাম যাদব। নিযুক্ত করেন তাঁর সন্তানদের শিক্ষক হিসেবে। অনেক বছর কেটে যায়। গল্প শুরু হয় তেত্রাকে নিয়ে। তার বাবা জনমজুর। তেত্রার সহজাত প্রতিভায় মুগ্ধ হয়ে যতীন চ্যাটার্জি তাকে পড়াতে শুরু করেন। তিনি তাকে শোনান রবিনহুডের গল্প। এই গল্পের মধ্য দিয়েই সে শেখে জীবনের মূলমন্ত্র। নতুন করে শুরু হয় তার কাহিনি।



Meet the magical mastermind behind your favorite animated wonders – Hayao Miyazaki! Born on January 5, 1941, in Tokyo, Japan, this creative wizard has sprinkled enchantment into our lives through his captivating films.

From a young age, Hayao was drawn to the world of animation. His imagination soared like a playful breeze, and he dreamed of creating stories that would whisk children to fantastical realms. With determination and a heart full of dreams, he embarked on a journey into the mesmerizing world of animation. In 1985, Miyazaki enchanted audiences around the world with 'Nausicaä of the Valley of the Wind', a film that showcased his unique ability to blend breathtaking visuals with heartfelt storytelling. This marked the beginning of a legacy that would fill our hearts with joy and wonder. In 1986, he cofounded Studio Ghibli, a magical kingdom where his visions came to life. Miyazaki's tales are not just stories; they are enchanting adventures that teach us about courage, friendship, and the beauty of the world around us. Miyazaki, the wizard of animation who continues to paint our world with dreams!

অ্যানিমেশনের দুনিয়ার জাদুকর জাপানি পরিচালক হায়াও মিয়া জাকি। জন্ম টোকিয়োতে ১৯৪১ এর ৫ মে। অল্প বয়স থেকেই অ্যানিমেশন ছবির প্রতি তাঁর আকর্ষণ। স্বপ্ন দেখতেন এমন ছবি নির্মাণের যা ছোটোদের সম্পূর্ণ ভিন্ন এক জগতের সন্ধান দেবে। সেই স্বপ্নকে সত্যি করে তুলতে ঝাঁপিয়ে পড়লেন কর্মযজ্ঞে। ১৯৮৫ সাল। মিয়া জাকি বানালেন ছবি ‘নসিকা অফ দ্য ভ্যালি অফ দ্য ফিল্ড’। প্রথম ছবিতেই ৩ থেকে ৯৩ এর হৃদয় জয় করে নিলেন। ছবির পরতে পরতে জড়িয়ে আছে মন ভরানো দৃশ্যকল্প এবং গল্পের অনায়াস চলন। ১৯৮৬-তে তৈরি হল স্টুডিয়ো ‘ঘিলবি’। অ্যানিমেশন ছবি নির্মাণের ম্যাজিক ফ্যাক্টরি। যার অন্যতম প্রতিষ্ঠাতা মিয়া জাকি। মিয়া জাকি এমন একজন পরিচালক যিনি স্বপ্ন দেখতে ভালোবাসেন এবং সেই স্বপ্নে তিনি জারিত করতে চান তাঁর ছবির দর্শককে। প্রকৃতি সবসময়ই অগ্রাধিকার পেয়েছে তাঁর ছবিতে। তিনি কল্পনার জগতের মধ্যে দিয়ে তুলে ধরেন বন্ধুত্ব, সাহসিকতা, পারিবারিক মূল্যবোধের গল্প।

# RETROSPECTIVE : HAYAO MIYAZAKI

## PONYO

2008, 101 Mins
Japan
**Language:** Japanese
**Director:** Hayao Miyazaki

'Ponyo' (2008), directed by the legendary Hayao Miyazaki, is a magical animated tale. The story revolves around Ponyo, a fish who befriends a young boy named Sosuke. Ponyo's desire to become human triggers a series of enchanting and mystical events, challenging the balance between the human and underwater worlds. Filled with breathtaking animation and Miyazaki's trademark imagination, 'Ponyo' is a heartwarming adventure celebrating the wonders of childhood and the bond between nature and humanity.

২০০৮ সালের ফ্যান্টাসি অ্যানিমেশন ছবি পনিয়ো। ছবির কেন্দ্রে আছে পনিয়ো নামের একটি মাছ।সে নিজেকে মানুষে রূপান্তরিত করতে চায়।তার সঙ্গে আলাপ হয় ছোটো ছেলে সোসুকের।একদিকে পনিয়োর মনের এই অদ্ভুত ইচ্ছে, অন্যদিকে জলের তলায় তার পরিচিত জগৎ এই দুইয়ের মধ্যে টানাপোড়েন চলতে থাকে।অ্যানিমেশনের অসাধারণ জাদু, কল্পনার জগতের অপরূপ নির্মাণ এই ছবির অন্যতম আকর্ষণ।



# HOWL'S MOVING CASTLE

2004, 199 Mins
Japan
**Language:** Japanese
**Director:** Hayao Miyazaki

'Howl's Moving Castle' (2004) is a captivating animated fantasy directed by Hayao Miyazaki. The film follows Sophie, a young woman cursed to transform into an old lady. Seeking a cure, she encounters Howl, a wizard with a magical, mobile castle. As war threatens the kingdom, Sophie and Howl embark on a journey filled with enchanting characters, mystical creatures, and anti-war sentiments. The film weaves a tale of love, self-discovery, and the consequences of conflict, set against Miyazaki's imaginative and visually stunning world.

জাপানের প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার হায়াও মিয়াজাকির ২০০৪ এর ছবি 'হল'স মুভিং ক্যাসল'। তরুণী সোফি তিন বোনের মধ্যে সবথেকে বড়ো। রংবেরঙের টুপি বিক্রি করে সে সংসার চালায়। এক দুষ্টু ডাইনির অভিশাপে সে ৯০ বছরের বৃদ্ধাতে রূপান্তরিত হয়। কীভাবে এই অভিশাপ থেকে মুক্তি পাবে সে? মুক্তি পেতে সোফি শরণাপন্ন হয় 'হল' নামে এক জাদুকরের। তাঁর আছে এক উড়ন্ত জাদুপ্রাসাদ। ইতিমধ্যে সেই রাজ্যের সঙ্গে আর এক রাজ্যের যুদ্ধ শুরু হয়। রাজা হলকে আদেশ করেন যুদ্ধে যোগ দিতে। এখন কী করবে হল আর সোফি? অ্যাডভেঞ্চার, রোমান্স, অ্যানিমেশনের অপরূপ কারিকুরি এই ছবির সম্পদ। এই সম্পদের আড়ালে লুকিয়ে রয়েছে এক শাশ্বত বাণী—যুদ্ধ নয় শান্তি চাই।





## SPIRITED AWAY

2001, 125 Mins
Japan
**Language:** Japanese
**Director:** Hayao Miyazaki

'Spirited Away' (2001) is a critically acclaimed animated fantasy directed by Hayao Miyazaki. The film follows Chihiro, a young girl who, after her parents are transformed into pigs, enters a mysterious and magical world ruled by a witch. To rescue her parents and find her way back home, Chihiro must navigate through a realm filled with spirits, gods, and enchanting creatures. Filled with breathtaking visuals and profound storytelling, 'Spirited Away' is a timeless tale about courage, self-discovery, and the resilience of the human spirit.

শ্রেষ্ঠ অ্যানিমেশন ছবির অস্কার বাফটা গোল্ডেন পুরস্কারপ্রাপ্ত ছবি স্পিরিটেড অ্যাওয়ে। দশ বছরের মেয়ে চিহিরো। বাবা আকিয়ো মা ইউকো। তাঁরা আসেন তাঁদের নতুন বাড়িতে। এসেই এক ভয়ংকর অভিজ্ঞতার মুখোমুখি হয় তাঁদের পরিবার। চিহিরোর বাবা মা হঠাৎ শূকরছানায় পরিণত হন। বাবা মা-কে উদ্ধার করতে চিহিরো বাধ্য হয়ে প্রবেশ করে এক রহস্যময় জাদু পৃথিবীতে। সেই পৃথিবীর শাসক এক ডাইনি। সেই বিচিত্র জাদু জগতের ভূত, অদ্ভুত সব প্রাণীর সঙ্গে আলাপ হয় চিহিরোর। অসাধারণ দৃশ্যকল্প এবং অনবদ্য ন্যারেটিভ এ ছবির সম্পদ।



# KIKI'S DELIVERY SERVICE

1989, 103 Mins
Japan
**Language:** Japanese
**Director:** Hayao Miyazaki

'Kiki's Delivery Service' (1989) is a delightful animated coming-of-age film directed by Hayao Miyazaki. The story follows Kiki, a young witch-in-training, who sets out on a journey to discover her unique talents. Accompanied by her talking cat Jiji, Kiki starts a delivery service in a charming coastal town. As Kiki faces challenges and makes new friends, the film beautifully explores themes of independence, self-discovery, and the magic of everyday life in Miyazaki's enchanting world.

জাপানি অ্যানিমেশন ছবির জগতের কিংবদন্তি মিয়া জাকি প্রযোজিত পরিচালিত ১৯৮৯ সালের ছবি কিকি'স ডেলিভারি সার্ভিস। কিকি হল একজন তরুণী ডাইনি, যার ডাকিনী বিদ্যার প্রশিক্ষণ চলছে। সে তাঁর কথা বলা বিড়াল জি কে নিয়ে একটি নতুন শহরে যায়। সেখানে ডেলিভারি সার্ভিস শুরু করে। তার এই নতুন কাজে আসে অনেক প্রতিকূলতা। সে সব অতিক্রম করে কিকি তার কাজ এগিয়ে নিয়ে যায়। জীবনে আসে অনেক নতুন বন্ধু। তার আত্মবিশ্বাস বেড়ে যায়। নিজেকে চিনতে শেখে সে।

# MY NEIGHBOR TOTORO

1988, 86 Mins
Japan
**Language:** Japanese
**Director:** Hayao Miyazaki

The film follows two young sisters, Satsuke and Mei, who move to the countryside and encounter friendly woodland spirits, including the iconic Totoro. As they navigate everyday life and face challenges, the magical creatures become their companions. Filled with innocence, wonder, and the enchantment of childhood, the film captures the timeless magic of imagination and the bond between nature and humanity.

অধ্যাপক তাসুও কুসাকাবে তাঁর অসুস্থ স্ত্রীর চিকিৎসার জন্য হাসপাতালের কাছাকাছি এক বাড়িতে বসবাস করতে শুরু করেন। সঙ্গে তাঁর দুই মেয়ে দশ বছরের সাতসুকে এবং চার বছরের মেই। দুই বোন বেড়াতে বেড়াতে গ্রামের দিকে চলে যায়। সেখানে তাদের দেখা হয় বনভূমির আত্মাদের সঙ্গে। তাদের মধ্যে তোতোরোর সঙ্গে খুব ভাব হয় দুই বোনের। ভালোমন্দে তাদের জীবন কাটতে থাকে। তারা পাশে পায় তাদের ভূত বন্ধুদের। শৈশবের সারল্য, মজার পাশাপাশি ছবিতে উঠে আসে মানুষ ও প্রকৃতির সহাবস্থানের কাহিনি।




সোনার কেল্লা
৫০
SONAR
KELLA
50




## SONAR KELLA

1974, 136 Mins India

**Language:** Bengali **Director:** Satyajit Ray

Mukul is a six years old boy. He is obsessed with drawing pictures of a golden fortress, where he claims to have lived in his previous life. Hoping to understand his condition, famous parapsycologist Dr. Hajra accompanies Mukul to a trip to Rajasthan, famous for forts. However, a newspaper story alerts pair of fraudsters to the possibility of hidden treasures in the golden fortress. Feluda, along with his cousin, Topshe leaves for Rajasthan following Mukul and Dr. Hajra for Mukul's safety on his father's insistence. But the danger already may closer than they realise.

মুকুল আঁকার খাতায় সোনার কেল্লা আঁকে । সে নাকি পূর্ব জন্মে সেখানে থাকত । তার বক্তব্যের সত্যাসত্য অনুসন্ধানের জন্য প্যারাসাইকোলজিস্ট ডাঃ হাজরা তাকে নিয়ে সেই দুর্গের সন্ধানে বেরিয়ে পড়েন। একদল দুষ্কৃতীও তাদের পিছু নেয় । ছেলের প্রাণনাশের আশঙ্কায় ফেলুদাকে নিয়োগ করে দুষ্টের দমনে ও শিষ্টের পালনে। ফেলুদা ও তার ছায়াসঙ্গী তোপসে রাজস্থানে পৌঁছায় । ততক্ষণে অবশ্য জল অনেকটা গড়িয়েছে।

## JOY BABA FELUNATH

1979, 113 Mins India

**Language:** Bengali **Director:** Satyajit Ray

'Joy Baba Felunath' follows the detective Feluda and his companions on a captivating journey to solve the mystery surrounding a stolen idol of Lord Ganesha. The film takes viewers on a visual and intellectual adventure, blending elements of suspense, mythology, and cultural richness against the backdrop of Varanasi.

পুজোর ছুটি কাটাতে ফেলুদা আসে বেনারসে। সঙ্গে আছে খুড়তুতো ভাই তোপসে এবং রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলি ওরফে জটায়ু। নিছক ছুটি কাটাতে এসে তারা জড়িয়ে পড়ে এক রহস্যের মধ্যে। কাশীর ঘোষাল বাড়ি থেকে চুরি যায় একটি মূল্যবান গণেশের মূর্তি। চুরির কয়েকদিন আগেই চোরা কারবারি মগনলাল মেঘরাজ এসেছিল সে বাড়িতে। এর পাশাপাশি ঘটেছে এক আজব ব্যাপার। মছলিবাবা নামে এক সাধুর আবির্ভাব হয়েছে কাশীতে। শুরু হয় ফেলুদার মগজাস্ত্র এবং বদমাইশ লোকেদের মধ্যে টক্কর। ক্যাপ্টেন স্পার্ক, জটায়ুর অতুলনীয় কীর্তিকলাপ, হাড়হিম করা নাইফ থ্রোয়িং এর দৃশ্য, মগনলালের ঠান্ডা মাথার শয়তানি সর্বোপরি বেনারস শহরের অসামান্য দৃশ্যায়ন এই ছবিকে করে তুলেছে চিরনবীন।



# দুই হুজুরের গপ্পো
# TWO MASTERS



In worn-out trousers, a tramp's hat, and with peculiar mannerisms, the eternal statue of Charlie Chaplin (1889- 1977) dances in the soul. Filled with boundless love, Charlie Chaplin, a global cinematic icon, embraced poverty and laughter from childhood. His films depict the life stories of every individual – from 'The Kid' and 'Limelight' to 'Modern Times', 'Gold Rush', and 'The Great Dictator'.

পরনে ঢোলা ট্রাউজার, আঁটসাঁট কোট, হতে ছড়ি, পায়ে বেঢপ জুতো তার সঙ্গে বিচিত্র ম্যানারিজম। মানসপটে ভেসে ওঠে চিরকালীন সেই ভবঘুরে মূর্তি। আর সেই ভালোবাসায় ভরা নাম চার্লি চ্যাপলিন। বিশ্ব চলচ্চিত্রের এক প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব। ছোটো থেকে বড়ো হয়ে ওঠার প্রতিটি মুহূর্তেই জীবনের সঙ্গে জড়িয়ে থেকেছে দারিদ্র্য, লাঞ্ছনা। তাঁর ছবিগুলিতেও উঠে আসে সেই সব মানুষের জীবন কাহিনি।

British Stan Laurel (1890-1965) and American Oliver Hardy 1892-1957), belovedly known as Laurel and Hardy, have graced cinema with joy across generations. From silent films to the talkies, this duo has delighted audiences with signature themes like 'ku-ku'. Beginning in 1927 with 'Putting Pants' on Philip, their famous works include 'The Music Box', 'Sons of the Desert', and 'The Battle of the Century'.

ব্রিটিশ স্ট্যান লরেন্স এবং মার্কিন অলিভার হার্ডি এই দুই ব্যক্তি হলেন আমাদের চির পরিচিত আদরের লরেল অ্যান্ড হার্ডি। নির্বাক থেকে সবাক যুগে সিনেমার মধ্যে দিয়ে আমাদের আনন্দ দিয়েছেন এই দুই অভিনেতা।





# TWO MASTERS

## THE KID

1921, 68 Mins United States
**Language:** English **Director:** Charlie Chaplin

The story revolves around the Tramp, played by Chaplin, who discovers an abandoned baby in an alley and decides to raise him as his own. The duo faces various comedic and heartwarming situations as they form an unlikely family. As the child grows, they encounter challenges that test their bond. Chaplin's masterful storytelling combines humor and emotion in this timeless tale.

চার্লি চ্যাপলিনের পরিচালনায় প্রথম পূর্ণ দৈর্ঘ্যের ছবি ১৯২১ সালের দ্য কিড।চ্যাপলিনের ছবির চির পরিচিত ভবঘুরে রাস্তায় চলতে চলতে এক গলির মধ্যে এক পরিত্যক্ত শিশুকে কুড়িয়ে পায়।তাকে নিয়ে যায় বাড়িতে।নাম দেয় জন। ভবঘুরের কাছে বড়ো হতে থাকে ছেলেটি। পাঁচ বছর অতিবাহিত হয়। চরম দারিদ্র্য, বাসস্থানের অভাব কিন্তু তাদের মধুর সম্পর্কে এসবের কোনও প্রভাব পড়েনা। এরপরে আরও নানা সমস্যার সম্মুখীন হয় তারা। কিন্তু তাদের ভালোবাসার বন্ধন থাকে অটুট। কমেডির মোড়কে জীবনযুদ্ধের এই ছবি চোখে আনে জল, মনে জাগায় এক অদ্ভুত ভালোলাগার অনুভূতি।



## BABES IN TOYLAND

1934, 77 Mins United States
**Language:** English **Director:** Gus Meins, Charles Rogers

'Babes in Toyland' is a classic musical comedy film that takes viewers into a whimsical world of fantasy. Directed by Gus Meins and Charles Rogers, the story revolves around Tom-Tom Piper and Mary Contrary, portrayed by Oliver Hardy and Stan Laurel, as they navigate the enchanting Toyland. Filled with Mother Goose characters, the film weaves a delightful tale of adventure, love and camaraderie. As Tom-Tom and Mary try to save Toyland from the villainous Barnaby, the film unfolds with charming escapades and musical numbers.

ভিক্টর হারবার্ট এর ১৯০৩ বিখ্যাত অপেরা বেবস ইন টয়ল্যান্ড অবলম্বনে পরিচালকদ্বয় গাস মিনস এবং চার্লস রজার্স নির্মাণ করেছেন লরেল এবং হার্ডি অভিনীত মজার ছবি বেবস ইন টয়ল্যান্ড। ছবির কেন্দ্রে আছে অলি ডি এবং স্ট্যানলি ডাম । তারা মাদার গুজ এর বন্ধক বাড়িটি বদমাইশ বারনাবির কাছ থেকে মুক্ত করতে চায়। এ জন্য অলি এবং স্ট্যানলি টমটম পিপার এবং মেরি কন্ট্রারির ছদ্মবেশ ধারণ করে।তারা কি শেষ পর্যন্ত মাদার গুজ এর বাড়িটি মুক্ত করতে পারবে? হাসি মজা গানে ভরা এই ছবি ছোটোদের সঙ্গে বড়োদেরও মন জয় করে নেয়।

# CINEMA OF THE WORLD

# সিনেমার দুনিয়াদারি





## SEA BOYS

2022, 95 Mins Iran
**Director:** Afshin Hashemi

'Sea Boys' tells the story of two boys living in two opposite sides of the country with a shared story of losing one of their parents. The one living in the North has lost his father and the one living in the South has lost his mother. Both of them are in search of a substitution for the love of their lost guardian.

'সি বয়েস' দেশের দুই বিপরীত প্রান্তে বসবাসকারী দুই ছেলের গল্প। তারা তাদের আপনজন বাবা মাকে হারানোর অনুভূতি একে অপরের সঙ্গে ভাগ করে নেয়। একজন বাস করে উত্তরে সে তার বাবাকে হারিয়েছে এবং দক্ষিণে বসবাসকারী ছেলেটি তার মাকে হারিয়েছে । তারা দুজনই তাদের হারানো অভিভাবকের হারানো ভালোবাসার প্রতিস্থাপনের সন্ধান করে চলেছে।



## WALNUT

2022, 78 Mins Iran
**Director:** Mohammad Reza Hajigholami

The relationship of Soheil's parents is not going well and his mother is trying to prepare Soheil for separation from his father. Watching the lunar eclipse is an excuse for the mother to take him to her motherhood's village. In the village, Soheil gets acquainted with Vali, and he is forced by him to steal some walnuts in their neighborhood. Eating fresh walnuts makes his hands black and he feels this is because of the guilt of stealing walnuts.

সোহেল এর বাবা মায়ের সম্পর্কের মধ্যে অন্ধকার নেমে এলে তাদের মধ্যে বিচ্ছেদের গুঞ্জন দেখা দেয়। সোহেল এর মা তাকে তার বাবার কাছ থেকে বিচ্ছেদের জন্য প্রস্তুত করার চেষ্টা করছিলেন। চন্দ্রগ্রহণ দেখতে নিয়ে যাওয়ার অজুহাতে সোহেলকে তার মা নিজের গ্রামে নিয়ে যায়। গ্রামে সোহেল এর সঙ্গে ভালির পরিচয় ঘটে। ভালি তাকে পাড়ায় আখরোট চুরি করতে বাধ্য করে। আখরোট খেতে গিয়ে সোহেল খেয়াল করে তার হাত কালো হয়ে যাচ্ছে তখন তার মনে হয় আখরোট চুরি করার অপরাধে তার শাস্তিস্বরূপ এমন ঘটেছে বোধহয়।

## HOOK

2023, 100 Mins Iran
**Director:** Hossein Rigi

Shirok and Mirhan are two brothers who seek their ambitious dreams to become athlete. Being champion is something that really appeals to them, however luck does not serve one of the brother well and makes him unable to follow the path of championship.

দুই ভাই শিরোক ও মিরান অ্যাথলিট হওয়ার স্বপ্ন দেখে। কিন্তু ভাগ্যের এমনই পরিহাস দু'জনের একজনকে তার স্বপ্ন জলাঞ্জলি দিতে হয়।



## LIPAR

2021, 80 Mins Iran
**Director:** Hossein Rigi

Barakat, a Baloch teen, who is so interested in cinema industry especially Bollywood, is trying to find his life's vague secret to find an answer for his questions...

বরকত এক বালুচ কিশোর। তার প্রবল আগ্রহ বলিউডের সিনেমায়। নিজের জীবনের বিভিন্ন প্রশ্ন ও সমস্যার সমাধান সে খুঁজতে চায় এই ছবিগুলির সাহায্যে।





## CINEMA OF THE WORLD

# ASTEROID

2021, 76 Mins Iran
**Director:** Mehedi Hoseinivand Aalipour

Ebrahim is 12 years old. He lives with his mother and five siblings of all ages in a two room cottage in desert area, away from the village. Ebrahim's mother hopes that one day her eldest son and her husband, who went to work two years ago and never returned, will return and the heavy burden of life will be lifted from Ebrahim's shoulders. Apart from feeding the children and getting identity cards for them, Ebrahim and his mother are busy building a house in the village so that they don't have to walk from the desert to the village every day.

ধু-ধু মরুভূমির মধ্যে একটি দু'কামরার ঘরে মা ও পাঁচ ভাইকে নিয়ে থাকে ১২ বছরের ইব্রাহিম। বাবা ও দাদা দু'বছর আগে কাজের খোঁজে বেরিয়ে যান। এখনও ফেরেননি তাঁরা। তাই পুরো সংসারের দায়িত্ব ইব্রাহিম ও তার মায়ের। বহু কাঠখড় পুড়িয়ে অবশেষে তারা গ্রামের মধ্যে নিজেদের একটি বাড়ি তৈরি করে ফেলে। এখন আর তাদের প্রতিদিনের কাজের জন্য মরুভূমি থেকে গ্রাম যাতায়াত করতে হয় না।



# BETWEEN THE CLIFFS

2023, 78 Mins Iran
**Director:** Mokhtar Abdollahi

A young boy and his little sister are obliged to take the cattle to a range in the heights of a mountain.

দুই ভাইবোনকে পাহাড়ের কোলে এক উপত্যকায় গোরু চরানোর দায়িত্ব দেওয়া হল। তারপর কী ঘটে সেখানে?

## WOLF CUBS OF APPLE VALLEY

2020, 85 Mins   Iran
**Director:** Fereydoun Najafi

11-year-old Asho, whose father is accused of murder, thinks that he lost his mother in childhood. In an obligatory journey, he finds out some realities and faces new challenges and adventures.

বাবার উপর খুনের অভিযোগ ওঠার পর ১১ বছরের আশোর মনে হতে থাকে মাকে সে ফেলে এসেছে তার ছেলেবেলাতেই। এর পর এমন কিছু ঘটনা ঘটে যা তাকে নতুন এক অ্যাডভেঞ্চারের মুখোমুখি করে।



## MEHRAN

2020, 78 Mins   Iran
**Director:** Roqiye Tavakoli

A war-torn family from a border town called Mehran flee to the central city of Yazd and get involved in the personal matters of their hosts who are looking for a new wife for their widowed son.

মেহরানের যুদ্ধবিধ্বস্ত একটি পরিবার এসে আশ্রয় নেয় কর্মমুখর হিয়াজদ্ শহরে। কিন্তু এখানে এসে তারা এমন এক পারিবারিক সমস্যায় জড়িয়ে পড়ে, যখন আশ্রয়দাতা পরিবারটির বিপত্নীক ছেলের স্ত্রী খুঁজে দেওয়ার ভার এসে পড়ে তাদের উপর।





## THE BAMBOO HAT

2021, 90 Mins China
**Director:** Zeng Xiaoxin And Sisi Li

'The Bamboo Hat' tells the story of a left-behind orphan named Huolong, who is raised by his grandmother with the help from the villagers. The film doesn't shy away from the hardship in life. Huolong and his grandma are mournful but not distressing in the face of misery as their world is full of warmth, kindness and hope.

দ্য বাম্বু হাট সিনেমাটি হুওলং নামের এক অনাথ বালকের গল্প। তাকে তার ঠাকুমা গ্রামবাসীদের সাহায্যে বড়ো করে তুলেছেন। তবে এ কাহিনি জীবনের কষ্ট থেকে দূরে সরে যায় না। হুওলং এবং তার ঠাকুমার শোক , দুর্দশা থাকা সত্ত্বেও তারা পৃথিবীর উষ্ণতা, উদারতা এবং আশাভরসা হওয়া থেকে কখনও পিছিয়ে পড়ে না ।



## ONCE UPON A DONKEY

2022, 98 Mins China
**Director:** Yu Xiaobing

A donkey named Sangqiu in a stone village forged an indissoluble bond with two young brothers and their friends. Due to severe drought, Sangqiu who consumed more and more water was questioned by the villagers frequently. A series of fights and twistshappened between adults and children whowere determined to defend Sangqiu.

সাংকুইউ নামে একটি গাধা দুই ভাই আর তাদের বন্ধুদের সঙ্গে এক অবিচ্ছেদ্য বন্ধন তৈরি করেছিল। একবার প্রাকৃতিক দুর্যোগে প্রচণ্ড খরার কারণে তৃষ্ণার্ত সাংকুইউকে রক্ষা করার জন্য যে জল খরচ হয়, তা নিয়ে গোলমাল করে গ্রামবাসীরা। বড়োদের সঙ্গে খুদেদের তাই নিয়ে দ্বন্দ্ব বেধে যায়।

## THE GREAT DISTANCE DELIVERS CRANE

2022, 90 Mins China
**Director:** Lhapal Gyal

This is a story of a Tibetan teenager seeking for a habitat for a wounded black-necked crane and a home of his own inner heart.

'দ্য গ্রেট ডিসট্যান্স ডেলিভার্স ক্রেন' একটি তিব্বতি কিশোরের গল্প যা একটি আহত কালো ঘাড়ওয়ালা সারস এবং তার নিজের অন্তরের একটি ঘরের জন্য বাসস্থান খুঁজছিল।



## GEORGIA

2022, 88 Mins China
**Director:** Chakme

Georgia is a little girl whose parents are faced with a possible divorce. One day, Georgia accidentally got lost. She met a teenage boy whose parents had divorced. Georgia's innocence, kindness, trust and love not only helped the kind, honest teenager face reality with greater courage and faith, she also helped her own family, on the verge of breaking up, to feel the warmth of love once more.

একটি ক্ষয়িষ্ণু পরিবারের সন্তান জর্জিয়া হঠাৎ হারিয়ে যায়। হারিয়ে গিয়ে তার দেখা হয় এমন একটি ছেলের সঙ্গে যে নিজেও জর্জিয়ার মতোই একটি ভেঙে যাওয়া পরিবারের সন্তান। জর্জিয়ার সারল্য, ভরসা আর বিশ্বাসে ভর করে ছেলেটি তার কঠোর বাস্তবের মুখোমুখি হয়। জর্জিয়াও তার পরিবারের ভাঙন রুখতে সফল হয়।



# BLOSSOM IN THE MOUNTAINS

2023, 98 Mins China
**Director:** Liu Quanwei

Through the mutual salvation and emotional healing between a teacher who lost his mother in Nanjing and a child who lost his mother in Shaanxi, the film focuses on the emotional loss and heartache of the children left behind in the countryside. The film expresses the healing in terms of both music and humanity. Music healing is the main aspect of spiritual healing. The original theme song 'Flowers on a Distant Mountain' runs through the film. The music is gentle and moving.

নানজিংয়ে নিজের মাকে হারানো একজন শিক্ষক আর শানসিতে নিজের মাকে হারানো একটি শিশুর মধ্যে পারস্পরিক সম্পর্কের গল্প। ছবিটি গ্রামাঞ্চলে রেখে যাওয়া শিশুদের মানসিক ক্ষতি এবং হৃদয়ের যন্ত্রণাকে কেন্দ্র করে বানানো । সংগীতের সুর কীভাবে আমাদের নিরাময় করে, এ তারও কাহিনি।



## CINEMA OF THE WORLD



# THE LITTLE MERMID

2023, 135 Mins
Australia, Canada, USA
**Director:** Rob Marshall

'The Little Mermaid' is a magical and enchanting tale of Ariel, a curious and free-spirited mermaid princess who dreams of a life beyond the ocean depths. Drawn to the human world, Ariel makes a life-changing deal with the sea witch Ursula to transform into a human. On land, she discovers love with Prince Eric but faces challenges as she navigates both the wonders and dangers of the human realm. As Ariel grapples with sacrifices and Ursula's devious intentions, her journey becomes a test of courage, love, and self-discovery. With memorable characters, captivating music, and a timeless message about the pursuit of dreams, 'The Little Mermaid' is a beloved Disney classic that continues to captivate audiences of all ages. Dive into a world of adventure, romance, and the enduring spirit of a young mermaid's quest for true happiness.

'দ্য লিটল মারমেড' এক কৌতূহলী ও মুক্তমনা রাজকুমারী মৎস্যকন্যা। সে গভীর সমুদ্রের বাইরে এক জীবনের স্বপ্ন দেখতে থাকে। এরিয়েল সমুদ্রের জাদুকরি উরসুলার সঙ্গে চুক্তি করে মানুষে রূপান্তরিত হয়। রাজা এরিক এবং এরিয়েল দুজনের মধ্যে ভালোবাসার সম্পর্ক গড়ে ওঠে, কিন্তু মানব সমাজের বিপদ, বিস্ময় ও নিজস্ব আত্মত্যাগের মাধ্যমে বিভিন্ন মোকাবিলার সম্মুখীন হতে হয় এরিয়েলকে।



## GOD'S GIFT

2022, 75 Mins Kyrgyzstan
**Director:** Asel Zhuraeva

At the house of an elderly childless couple, about seventy years old, with poor health, living in a small village, unknown people leave a six-month-old baby. An old man and an old woman are going to hand over the child to the authorities. But having heard that young children are being sold for organs, they decide to leave the child to themselves. Caring for a baby turns the lives of older people in a completely different direction. They have an interest in life.

প্রায় সত্তর বছর বয়সি এক বৃদ্ধ আর বৃদ্ধা দম্পতি ছোটো একটি গ্রামে বাস করতেন। তাঁরা ছিলেন নিঃসন্তান। বার্ধক্যের কারণে তাঁদের স্বাস্থ্য দুর্বল হয়ে পড়ে। একদিন তাদের বাড়ির সামনে অজানা কিছু লোক একটি ছয় মাস বয়সি শিশুকে রেখে দিয়ে যায়। বৃদ্ধ দম্পতি শিশুটিকে দেখে চিন্তিত হয়ে পড়েন এবং শিশুটিকে ঠিক জায়গাতে এক উপযুক্ত কর্তৃপক্ষের কাছে হস্তান্তরিত করার সিদ্ধান্ত নেন। কিছুদিন পর তাঁরা জানতে পারেন যে, শিশুটির অঙ্গ প্রত্যঙ্গ বিক্রি করা হবে। তা শুনে তাঁরা শিশুটিকে নিজেদের সন্তান হিসেবে গ্রহণ করার সিদ্ধান্ত নেন। এই শিশুটির লালন পালন ও তাকে বড়ো করে তোলার মধ্যে দিয়ে বৃদ্ধ দম্পতির জীবনে এক নতুন পথের উন্মোচন ঘটে। যা তাদেরকে জীবনের প্রতি আগ্রহী করে তোলে।

# CHICK'S CHILDHOOD

2021, 95 Mins Russia
**Director:** Aslan Galazov



'Chick's Childhood' is an drama based on the short stories written by Fazil Iskander. The action takes place in Abkhazia at the edge of Stalin's epoch, late 40s - early 50s of the XXth century. Chick is a thirteen years old naughty and meditative boy. His life is common, the life of simple Soviet schoolboy in the sunny city Mukhus at the sea coast. After his father's sudden detention he acutely feels his growing up, but still can't change his cheerful personality and big heart. His deep sense of justice is the origin of all his both dangerous and humorous adventures.

'চিকস চাইল্ডহুড' হল ফাজিল ইস্কান্দার রচিত ছোটো গল্পের উপর ভিত্তি করে লেখা একটি নাটক, চিক তেরো বছর বয়সি দুষ্টু আপনভোলা ছেলে। তার সাধারণ জীবন এবং সমুদ্র উপকূলে রৌদ্রোজ্জ্বল শহর মুখুসে স্কুল ছাত্রের জীবন। তার বাবার আকস্মিক বিপদের পর সে তীব্রভাবে তার বেড়ে ওঠা অনুভব করে।

# OUT OF COVERAGE

2021, 90 Mins Russia
**Director:** Anna Kurbatova



Vanya is sixteen. He spends every summer in the countryside with his childhood friends Masha and Kirill. But this summer promises to be completely unusual. The guys decide to give up mobile phones and find themselves in the real world, which promises many exciting adventures, experiences, and first true love.

ভানিয়ার বয়স ১৬ বছর। প্রত্যেক বছর গ্রীষ্মকালে সে তার শৈশবের বন্ধু মাসা এবং কিরিলের সঙ্গে গ্রামাঞ্চলে ছুটি কাটাতে যায়। ছেলেরা সিদ্ধান্ত নেয় যে এই বছর গ্রীষ্মকালে তারা মোবাইল ফোন ব্যবহার ছেড়ে দেবে। তারা প্রতিজ্ঞা করে নিজেদেরকে বাস্তব জগতের বিভিন্ন অভিজ্ঞতা, অ্যাডভেঞ্চার এবং সত্যিকারের ভালোবাসার মধ্যে দিয়ে দিন কাটাবে তারা।

## MEZQUITE´S HEART

2019, 74 Mins Mexico
**Director:** Ana Laura Calderon

Lucía, a Yoreme girl from northern Mexico, dreams of healing her father's sad heart by playing the harp, which is traditionally only played by the men of her community.

লুসিয়া, উত্তর মেক্সিকোর একজন ইয়োরেম মেয়ে। সে বীণা বাজিয়ে তার বাবার মনের কষ্ট দূর করার স্বপ্ন দ্যাখে। এই বীণা ঐতিহ্যগতভাবে শুধুমাত্র তার সম্প্রদায়ের পুরুষদের দ্বারা বাজানো হয়ে থাকে।

## TAINÁ 2: A AVENTURA CONTINUA

2005, 80 Mins Brazil
**Director:** Mauro Lima

The young warrior Tainá must now battle against biopirates, and is joined by a new boy from the big city and an indian little girl who wants to follow her steps as a protector of the jungle.

তরুণ যোদ্ধা তাইনা বায়োপাইরেটদের বিরুদ্ধে যুদ্ধ করে। এবং তার সঙ্গে যোগ দেয় বড়ো শহরের একটি নতুন ছেলে এবং একটি ছোটো মেয়ে, তারা তাইনার মতো জঙ্গলের রক্ষক হিসাবে এগিয়ে যায়।





## STOP MY STEPMOM

2022, 90 Mins Hungary
**Director:** Kata Dobo

Dorka's life turns upside down when her widowed father announces his engagement. The lonely, imaginative pre-teen girl does her best to protect her father from the dangers of love, and goes on an adventure that leads her to Magic Grove where she finds mysterious ways of magic tricks, friendship and the world's best step-mother.

ডোরকার জীবন পরিবর্তন হয়ে যায় যখন তার বাবা আবার বিয়ের ঘোষণা করেন। একাকী, কল্পনাপ্রসূত কিশোরী মেয়েটি তার বাবাকে বিপদ থেকে রক্ষা করার যথাসাধ্য চেষ্টা করে। ডোরকা একটি অ্যাডভেঞ্চারে যায় এবং একটি জাদু উদ্যানে পৌঁছায়, যেখানে সে রহস্যময় উপায়ে, বিশ্বের সেরা সৎ মাকে খুঁজে পায়।



## TARLAN

2021, 77 Mins Kazakhstan
**Director:** Yulia Zakarova

The story of one sincere and eternal friendship; growing up of a lonely boy and a lonely foal.After various ups and downs that occurred in Zakir's family, the boy realizes that there is no one closer to him than the foal, to whom the name Tarlan is given by him. Zakir, who is not understood by his parents, is mocked by his peers, feels lonely and finds a kindred spirit and best friend in Tarlan. Zakir does not give up and believes that his new friend will someday bring him good luck.The grown-up Zakir and Tarlan have a goal to win at their first races.

এক আন্তরিক এবং চিরন্তন বন্ধুত্বের গল্প; একটি নিঃসঙ্গ ছেলে এবং একটি নিঃসঙ্গ ঘোড়ার বাচ্চার বেড়ে ওঠা। জাকিরের পরিবারে বিভিন্ন উত্থান-পতনের পরে, ছেলেটি বুঝতে পারে যে তার কাছের কেউ নেই, ওই ঘোড়ার ছানা ছাড়া। তার নামই টারলান। জাকির, যাকে তার বাবা-মা বুঝতে পারে না, তার সমবয়সিরা উপহাস করে, সে একাকী বোধ করে। টারলানে সে একজন সেরা বন্ধু খুঁজে পায়।



## WATER BOY

2021, 81 Mins Tajikistan
**Director:** Fayzollah Faiz

This social drama takes place in the fisherfolk village on a bank of the Tajik sea. The villagers start facing the ecological disaster recently. The village is in transition between traditionality and modernity. Barakat, the honest and respected old village man, doesn't support the Boat Shopkeeper who smuggles in the harmful goods. He has only one confidant, Ramses, a small village boy with a made-up name. The filmmakers on a visit to shoot a film in the village cast Safar, Ramses's father, as a lead.

এই সামাজিক চলচ্চিত্রটি তাজিক সাগরের তীরে থাকা জেলেদের গ্রামের ঘটনা। গ্রামবাসীরা সম্প্রতি পরিবেশগত বিপর্যয়ের মুখোমুখি হতে শুরু করেছে। গ্রামটি ঐতিহ্য ও আধুনিকতার মধ্যে রয়েছে। বরকত গ্রামের এক সৎ এবং সম্মানিত বৃদ্ধ, সে নৌকার মালিককে সমর্থন করে না কারণ সে ক্ষতিকারক পণ্য পাচার করে। তার একজন মাত্র আস্থাভাজন রামসেস। একটি গ্রামের ছোটো ছেলে। গ্রামে একটি চলচ্চিত্রের শুটিং করতে গিয়ে চলচ্চিত্র নির্মাতারা রামসেসের বাবা সাফারকে প্রধান চরিত্রে অভিনয় করিয়েছেন।



# INTO THE BEAT

2020, 98 Mins Germany
**Director:** Stefan Westerwelle

Katya, a Hamburg ballet student, training hard for a scholarship at the New York Ballet Academy. She is the daughter of Victor Orlow, a celebrated ballet dancer. After the death of Victor's wife, he started to care more for Katya and his son Paul. There are only three weeks left for Katya until the exam under the merciless rule of the dance teacher. One day, on her way back from ballet school, Katya discovers a factory hall full of other dancers specialized on dance movements with different sounds and with impetuous acrobatic movements. She immerses herself in this young, wild hip-hop dance scene, feels free, is recognized and meets the dancer Marlon.

কাটিয়া একজন হামবুর্গ ব্যালে ছাত্র, নিউ ইয়র্ক ব্যালে অ্যাকাডেমিতে স্কলারশিপের জন্য কঠোর প্রশিক্ষণ নিচ্ছে। সে একজন বিখ্যাত ব্যালে নৃত্যশিল্পী ভিক্টর অরলোর কন্যা। ভিক্টরের স্ত্রীর মৃত্যুর পরে তিনি কাটিয়া এবং তার ছেলে পলের জন্য আরও যত্ন নিতে শুরু করেছিলেন। নাচের শিক্ষকের নির্দয় শাসনে, পরীক্ষা হতে কাটিয়ার আর মাত্র তিন সপ্তাহ বাকি। একদিন ব্যালে স্কুল থেকে ফেরার পথে, কাটিয়া একটি ফ্যাক্টরি হল আবিষ্কার করে যা অন্য নৃত্যশিল্পীদের দ্বারা পূর্ণ ছিল। বিভিন্ন শব্দের সঙ্গে এবং তীক্ষ্ণ অ্যাক্রোব্যাটিক এর সঙ্গে নৃত্যের মুভমেন্ট হয় সেখানে। এই তরুণ, বন্য হিপ-হপ নাচের দৃশ্যে নিজেকে নিমজ্জিত করে, ও মুক্ত বোধ করে, স্বীকৃত হয় এবং পরবর্তীতে নর্তকী মার্লনের সঙ্গে দেখা করে।

## TIME OF IMPATIENCE

2021, 93 Mins Turkey
**Director:** Aydin Oark



Days of summer in a Kurdish city in Turkey, two unruly bright twins from a poor neighbourhood are distracted by their daily routine and school duties, having an only goal in life: to dive into a proper swimming pool, one in particular, in the luxury site on their way to school. Between them and their dream, a boundary wall and behind it the stubborned irreproachable watchmen who? everyday their laughing stock. They will start their little own class warfare.

তুরস্কের কুর্দিশ শহরে একটি গ্রীষ্মের দিন। দুই বন্ধু একে অপরের দরিদ্র প্রতিবেশী। তাদের দৈনন্দিন রুটিন এবং স্কুলের দায়িত্ব থেকে বিভ্রান্ত হয়। তাদের জীবনের একমাত্র লক্ষ্য একটি সুইমিং পুলে ডুব দেওয়া, বিশেষ করে স্কুলে যাওয়ার পথে যে বিলাসবহুল সুইমিং পুলটি আছে সেটিতে। তাদের স্বপ্নের মাঝখানে একটি সীমানা প্রাচীর এবং তার পিছনে একগুঁয়ে প্রহরীটি কে?



## THREE FRIENDS

2022, 88 Mins Turkey
**Director:** Nursen Cetin Koreken

Mercan (13); is the only child of a mother who cleans in sewing shop at nights and a father who works as a watchman at the constructions. He has worked in many different jobs from an early age. Now he collects and sells scrap from the streets. Yunus (13); His parents lost their lives as a result of an armed attack that broke out at a wedding where they were playing music years ago. Coming from a Romanian family, Yunus lives with his old grandfather and plays the clarinet in the streets since he was very young. Bilal (13); Bilal's parents, who are the children of a family that fled the war in Syria, stayed in Syria and live with his uncle who managed to escape from the war and earn a living by collecting paper. Mercan, Yunus and Bilal are three friends with different family origins. They go on a journey with a white racing pigeon they take with them.

মার্কান, ইউনুস ও বিলাল তিন বন্ধু। মার্কানের মা দর্জির দোকানের পরিচারিকা, আর বাবা একটি কনস্ট্রাকশন সাইটের দারোয়ান। মার্কান নিজে বহু কাজ করার পর এখন ভাঙাচোরা জিনিস বিক্রি করে। বাবা-মাকে যুদ্ধে হারিয়ে ইউনুস এখন দাদুর সঙ্গে থাকে। সে নিজে রাত্রে রাস্তায় রাস্তায় ঘুরে বাঁশি বাজায়। বিলালের পরিবার সিরিয়ার যুদ্ধে আটকে পড়েছে। তিন বন্ধু মিলে ঠিক করে তারা পায়রার লড়াইয়ে বাজি ধরবে, যাতে সেখান থেকে পাওয়া টাকা দিয়ে তারা বিলালের পরিবারকে ফিরিয়ে আনতে পারে।

# MAIKA - THE GIRL FROM ANOTHER GALAXY



2022, 105 Mins Vietnam
**Director:** Ham Tran

After a meteor falls to earth, 8-year-old Hung meets an alien girl from the planet Maika, searching for her lost friend. The alien helps Hung make new friends and heal a broken heart. But danger lurks everywhere.

একটি উল্কা পৃথিবীতে পতিত হওয়ার পরে, চার বছর বয়সি হাং তার হারিয়ে যাওয়া বন্ধুকে খুঁজতে গিয়ে মাইকা গ্রহের একটি এলিয়েন মেয়ের দেখা পায়। এলিয়েন মেয়েটি হাংকে নতুন বন্ধু তৈরি করতে এবং ভাঙা হৃদয় নিরাময় করতে সহায়তা করে।

# CHHOTOKAKU: MANIK GANJER MANIK PALACE



2023, 108 Mins Bangladesh
**Director:** Afzal Hossain

While hunting one day, Manik, the zamindar of Manikganj, became unwell. His uncles and aunts take care of sick Zamindar Manik. His treatment is under their supervision. One day he fell into the lap of death. Is it natural death or murder?

একদিন শিকার করতে গিয়ে মানিকগঞ্জের জমিদার মানিক অসুস্থ হয়ে পড়েন। অনেক চিকিৎসা করেও সুস্থ আর হন না তিনি। তাঁর কাকা কাকিমার তত্ত্বাবধানে থেকে মানিকের চিকিৎসা চলছিল। একদিন গুরুতর অসুস্থ হয়ে মানিক মৃত্যুর কোলে ঢলে পড়েন। তাঁর এই মৃত্যু কি স্বাভাবিক? নাকি তা হত্যা?



## ROI

2022, 83 Mins Finland
**Director:** Rane Tiukkanen

New to the town of Raahe, 12-year-old Valo protects herself from bullies with the help of an abandoned German-Shepherd. After becoming friends with the dog, Valo names her Roi. Valo begins hiding Roi in her garage, until her father discovers them, forcing Valo to give up her new friend. While babysitting her neighbor, 5-year-old Petrus, Valo notices a suspicious character threatening him. Roi runs away from an animal shelter and alongside Valo, steps up to the task of protecting Petrus.

১২ বছর বয়সি ভ্যালো রাহে শহরে নতুন আসে এবং সেখানে ভাড়া করা অচেনা গুন্ডাদের থেকে জার্মান শেফার্ড কুকুরের সাহায্যে নিজেকে রক্ষা করে। একটি কুকুরের সঙ্গে বন্ধুত্ব হয় ভ্যালোর, তার নাম রাখে রোই। ভ্যালো তার বাবার ভয়ে রোইকে গ্যারেজে লুকিয়ে রাখে। কিন্তু একদিন তার বাবা রোইকে খুঁজে পেয়ে যায়, এবং সে তার নতুন বন্ধুকে ছেড়ে দিতে বাধ্য হয়। ভ্যালোর প্রতিবেশী পাঁচ বছরের বাচ্চার আয়াকে দেখে সন্দেহ হয়, যে তাকে প্রতিনিয়ত হুমকি দিতে শুরু করে।



## SUPERMARSU 2

2022, 90 Mins Finland
**Director:** Joona Tena

Super Furball Saves the Future is a new, modern superhero film based on Paula Noronen's popular book series, combining animation and special effects with traditional live action. The film is a sequel to Super Furball, one of the most viewed films in Finland in 2018. Super Furball Saves the Future tells a story of a bee rescue operation in order to preserve diversity in the world. However, to save the bees, Super Furball must first save the school's worst bully. The film addresses current social and ecological issues in a relatable, humorous way.

'সুপার ফুরবল সেভস দ্য ফিউচার' বা 'সুপারমার্সু ২' বিশ্বে বৈচিত্র্য রক্ষা করার জন্য একটি মৌমাছি উদ্ধার অভিযানের গল্প বলে। যাই হোক, মৌমাছিদের বাঁচাতে, সুপার ফুরবলকে প্রথমে স্কুলের সবচেয়ে খারাপ বুলিকে বাঁচাতে হবে। চলচ্চিত্রটি মজার ভেতর দিয়ে বর্তমান সামাজিক এবং পরিবেশগত সমস্যাগুলির দিকে নজর দেয়।



# ANIMATION FEATURES | একগুচ্ছ অ্যানিমেশন

## SNOW WHITE AND THE SEVEN DWARFS



'Snow White and the Seven Dwarfs' is Disney's first animated feature. The film tells the timeless fairy tale of Snow White, a princess with a wicked stepmother who becomes envious of Snow White's beauty. The Evil Queen orders Snow White's demise, but the princess escapes and finds refuge with seven lovable dwarfs. The dwarfs, forest creatures, and a prince unite to overcome the Queen's dark magic and bring happiness to the kingdom.

ওয়াল্ট ডিজনির প্রথম অ্যানিমেশন ছবি 'স্নো হোয়াইট অ্যান্ড দ্য সেভেন ডোয়ার্ফস'। চিরনবীন রূপকথার গল্প বলে এই ছবি।এক সুন্দরী রাজকন্যা ও তার দুষ্টু সৎ মা। হিংসুটে সৎ মা স্নো হোয়াইটকে মেরে ফেলার চক্রান্ত করে। স্নো হোয়াইট পালিয়ে যায় সেখান থেকে।তার সঙ্গে দেখা হয় সাত জন বামনের। তাদের সঙ্গে বন্ধুত্ব গড়ে ওঠে স্নো হোয়াইটের।এই সাত জন বামন বন্ধু, জঙ্গলের প্রিয় প্রাণী এবং রাজপুত্রের সাহায্যে সে তার দুষ্টু সৎ মায়ের জাদুশক্তিকে হারিয়ে ফিরে আসে নিজের রাজ্যে।

1937, 83 Mins
United States
**Language:** English
**Director:** David Hand (supervising director), William Cottrell, Wilfred Jackson, Larry Morey, Perce Pearce, Ben Sharpsteen

# BAMBI

1942, 70 Mins
United States
**Language:** English
**Director:** David Hand (supervising director), James Algar, Samuel Armstrong, Graham Heid, Bill Roberts, Paul Satterfield, and Norman Wright.

Disney's timeless classic, 'Bambi', gracefully unfolds in the heart of the forest. The film traces the life of Bambi, a young deer, from his early days as a carefree fawn to the challenges of growing up. Alongside his friends Thumper the rabbit and Flower the skunk, Bambi learns about the wonders and perils of the natural world. As seasons change, Bambi faces tragedy and discovers the circle of life. 'Bambi' captivates audiences with its tender narrative, breathtaking animation, and the enduring magic of nature's wonders.

ওয়াল্ট ডিজনির ১৯৪২ সালের ক্লাসিক অ্যানিমেশন ছবি ব্যাম্বি। অস্ট্রিয়ান লেখক ফেলিক্স সাল্টান এর ১৯২৩ সালের উপন্যাস 'বাম্বি দ্য লাইফ ইন উডস'কে ভিত্তি করে তৈরি হয়েছে এই ছবি। ছবির কেন্দ্রীয় চরিত্র ব্যাম্বি নামের একটি হরিণশিশু। সঙ্গে আছে তার বন্ধুরা—খরগোশ থাম্পার আর একটি ছোট্ট বিড়াল জাতীয় প্রাণী ফ্লাওয়ার। ছোট্ট ব্যাম্বির বড়ো হয়ে ওঠার গল্পই তুলে ধরা হয়েছে ছবিতে। এই যাত্রাপথে জীবনকে সে নতুন করে দেখতে শেখে। প্রকৃতি তার কাছে ধরা দেয় নানা রূপে। ছবির গল্প, অ্যানিমেশনের নৈপুণ্য, প্রকৃতির মনোলোভা দৃশ্যায়ন এই ছবির সম্পদ।



**David Hand:** An experienced animator and director, David Hand played a crucial role in the early years of Disney animation. He served as supervising director in several Disney films, including "Snow White and the Seven Dwarfs" (1937) and "Bambi."

**James Algar:** James Algar was a key figure at Disney, contributing to numerous projects over the years. In addition to his role as supervising director on "Bambi," he directed segments for various Disney anthologies and nature documentaries. **Samuel Armstrong** was an animator and director recognized for his work on Disney's "Fantasia" (1940) and "Dumbo" (1941). **Graham Heid** was a Disney animator and director. **Bill Roberts** with a background in animation, contributed to several Disney films as a director, including "Make Mine Music" (1946) and "Melody Time" (1948). **Paul Satterfield**'s role in "Bambi" was part of his extensive career in animation, which included contributions to various Disney projects. **Norman Wright:** Norman Wright's involvement in "Bambi" was a part of his animation career at Disney, showcasing his dedication to the art of storytelling through animation.

ছবির প্রধান পরিচালক ডেভিড হান্ড। এছাড়াও ছবিটির নির্মাণে জড়িয়ে আছে পরিচালকদের একটি টিম।

# THE LION KING

1994, 88 Mins
United States
**Language:** English
**Director:** Roger Allers, Rob Minkoff

Disney's animated classic, 'The Lion King', unfolds in the majestic Pride Lands. Simba, a lion cub destined to be king, faces tragedy when his father, Mufasa, is betrayed and killed by his uncle Scar. Simba flees, embracing a carefree life with newfound friends Timon and Pumbaa. However, destiny calls, urging him to reclaim his rightful place as king. Guided by wise Rafiki and with the love of Nala, Simba confronts Scar to restore balance to the Pride Lands.

ওয়াল্ট ডিজনির ক্লাসিক মিউজিক্যাল অ্যানিমেশন ছবি দ্য লায়ন কিং। ১৯৯৪ সালে তৈরি এই ছবির নামের পাশে আছে দুটি অস্কার, দুটি গোল্ডেন গ্লোব, দুটি গ্র্যামি, একটি বাফটা পুরস্কার। সিংহ শিশু সিম্বা, ভবিষ্যতের রাজা। কিন্তু তার দুষ্টু কাকা স্কার হত্যা করে তার বাবা রাজা মুফাসাকে। রাজ্য ছেড়ে চলে যায় সিম্বা। বন্ধুত্ব হয় টিমোন এবং পুম্বার সঙ্গে। রাফিকি এবং নালার সান্নিধ্যে আসে সে। তাদের ভালোবাসা, অনুপ্রেরণায় হারানো রাজ্য পুনরুদ্ধারের স্বপ্ন দ্যাখে সিম্বা। ফিরে যায় নিজের রাজ্যে। যুদ্ধ হয় দুষ্টু রাজা স্কারের সঙ্গে।বন্ধুত্ব, অদম্য সাহস,জীবনকে খুঁজে পাওয়ার এই কালজয়ী ছবি ছোটোদের সঙ্গে মন জয় করে বড়োদেরও।





**Rob Minkoff:** An accomplished American filmmaker known for his expertise in animation and direction. Born on August 11, 1962, Minkoff gained widespread recognition for co-directing Disney's animated classic, "The Lion King" (1994) alongside Roger Allers. He also directed other notable films, including "Stuart Little" (1999) and its sequel "Stuart Little 2" (2002).

**Roger Allers** born on June 29, 1949, is a highly regarded American director and animator. Allers' extensive career includes work on various Disney projects, contributing to the legacy of animated storytelling. His influence on the industry is marked by his ability to bring characters to life and create narratives that transcend generations, leaving an indelible mark on the world of animation.

দুই পরিচালক রব মিনকফ, রজার অ্যালার্স অ্যানিমেশন ছবির জগৎ বিশেষত ওয়াল্ট ডিজনির অ্যানিমেশনের দুনিয়ায় দুই উজ্জ্বল নক্ষত্র। এঁদের মধ্যে রব পরিচলনা করেছেন স্টুয়ার্ট লিটল ১ এবং ২।

# ICE AGE: DAWN OF THE DINOSAURS

2009, 94 Mins
United States
**Language:** English
**Director:** Carlos Saldanha

'Ice Age: Dawn of the Dinosaurs' (2009) is the third installment in the 'Ice Age' franchise. Directed by Carlos Saldanha and Mike Thurmeier, the film follows Manny, Sid, Diego, and their friends as they discover a hidden world beneath the ice populated by dinosaurs. When Sid gets abducted by a dinosaur mom, the group embarks on a daring rescue mission. Filled with humor, heart, and prehistoric adventures, the film explores the theme of family.

এটি আইস এজ ফ্র্যাঞ্চাইজের তৃতীয় ছবি। অ্যাডভেঞ্চার, কমেডিতে ভরপুর একটি অ্যানিমেশন ছবি আইস এজ ৩ ডন অফ ডাইনোসর। ম্যানি, সিলি অপেক্ষা করে আছে কবে তাদের সন্তান দেখবে পৃথিবীর আলো। দিয়েগো আবার একটু বেড়াতে ভালোবাসে। আছে আরও এক বন্ধু সিড।এই বন্ধুরা একদিন খোঁজ পায় বরফের দেশে ডাইনোসরদের এক নতুন জগতের। সিড চুরি করে একটি ডাইনোসরের ডিম। মা ডাইনোসর অপহরণ করে তাকে। সিডকে উদ্ধার করতে একসঙ্গে বেরিয়ে পড়ে তার বন্ধুরা।এই দুঃসাহসিক অভিযানে নানা অভিজ্ঞতার সম্মুখীন হয় তারা।আছে মজা, আছে অ্যাডভেঞ্চার। তার থেকেও বেশি আছে বন্ধুত্বের গল্প।

Carlos Saldanha: Born on January 24, 1968, in Rio de Janeiro, Brazil, Carlos Saldanha is a renowned director and animator. He played a significant role in the "Ice Age" series, co-directing several films and contributing to their success. Saldanha's talent in storytelling and animation has made him a key figure in the world of animated films.

ব্রাজিলিয়ান পরিচালক কার্লোস সালডানহা অ্যানিমেশন ছবির জগতে একটি অতি পরিচিত নাম।আইস এজ সিরিজ এর ছবিগুলিতে তাঁর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।







# RATATOUILLE

2007, 111 Mins
United States
**Language:** English
**Director:** Brad Bird

'Ratatouille' (2007) is an animated masterpiece directed by Brad Bird. The film tells the story of Remy, a rat passionate about cooking, who befriends Linguini, a kitchen garbage boy. Together, they create culinary masterpieces that challenge the norms of a prestigious Parisian restaurant. Filled with humor, heart, and delectable animation, 'Ratatouille' explores the pursuit of dreams against all odds and the belief that anyone can cook.

রাটাটুলি ২০০৭ এর কমেডি, ড্রামা ও ফ্যান্টাসি সমৃদ্ধ এই অ্যানিমেশন ছবি পেয়েছে দুটি অস্কার ও একটি বাফটা পুরস্কার। রেমি একটি ইঁদুর। তার স্বপ্ন সে মস্ত বড়ো রাঁধুনি হবে। কিন্তু তার ইঁদুর পরিবারের কেউ তার স্বপ্নের কোনও মূল্য দেয় না। মানুষের সমাজে তার একজন আদর্শ আছে। একদিন রেস্তোরাঁয় কাজ করে এমন একটি ছেলের সঙ্গে আলাপ হয় রেমির। ছেলেটির কাজ সেই রেস্তোরাঁর আবর্জনা পরিষ্কার করা। বন্ধুত্ব হয় দুজনের। তারা দুজনে নতুন নতুন রান্নার পদ বানাতে শুরু করে। আসে নানা বাধা বিপত্তি। কিন্তু কোনও কিছুই তাদের স্বপ্ন পূরণের পথে বাধা হয়ে দাঁড়াতে পারে না।

Brad Bird born on September 24, 1957, in Kalispell, Montana, Brad Bird is a highly acclaimed American director, screenwriter, and animator. In addition to "Ratatouille," Bird directed other animated gems like "The Incredibles" (2004) and "The Iron Giant" (1999). His storytelling prowess and contributions to the animation genre have earned him widespread recognition and numerous accolade

মার্কিন পরিচালক চিত্রনাট্যকার ব্র্যাড বার্ড অ্যানিমেশন ছবির জগতে একটি অতি পরিচিত নাম। দ্য আয়রন গ্রান্ট(১৯৯৯), দ্য ইনক্রেডিবলস (২০০৪) তাঁর অন্যতম উল্লেখযোগ্য ছবি।

## DESPICABLE ME

2010, 95 Mins
United States
**Language:** English
**Director:** Pierre Coffin, Chris Renaud



'Despicable Me' (2010) is an animated comedy that introduces Gru, a supervillain with a heart of gold. Gru plans to steal the moon but finds his plans disrupted by three orphaned girls–Margo, Edith, and Agnes. As he navigates the challenges of parenting and his own transformation, Gru discovers the joy of love and family.

এই ছবি একাধারে সুপারভিলেন এবং কোমল হৃদয়ের অধিকারী গ্রু। তার বিরোধী পক্ষ চুরি করে নেয় গাজার পিরামিড। কেন পিছিয়ে থাকবে গ্রু এর দল? তারা চাঁদ চুরি করার পরিকল্পনা করে। কিন্তু এই পরিকল্পনা ভেস্তে যেতে বসে তিন অনাথ মেয়ের কারণে। এই তিন মেয়ের অভিভাবকের ভূমিকা নেয় গ্রু।

**Pierre Coffin:** A French animator and director, Pierre Coffin co-directed 'Despicable Me' and continued to direct subsequent films in the franchise.

**Chris Renaud:** An American film director and producer. He later directed other successful animated films.

এই ছবির দুই পরিচালকের একজন হলেন ফরাসি পিয়ের কফিঁ এবং অপরজন মার্কিন ক্রিস রিনাউ। ডেসপিকেবলস সিরিজের ছবি নির্মাণে এবং অ্যানিমেশন ছবির জগতে এঁরা নিজেদের স্বতন্ত্র ছাপ রেখেছেন।



## THE CROODS

2013, 98 Mins
United States
**Language:** English
**Director:** Chris Sanders, Kirk DeMicco, Joel Crawford

An animated adventure comedy that follows the prehistoric Crood family led by Grug. When their cave is destroyed, they embark on a journey into the unknown and encounter a more evolved human named Guy. As they navigate the dangers of the outside world, the Croods learn about survival, change, and the importance of family bonds.

আদিম যুগের গুহাবাসী মানুষদের এক পরিবার ও তাদের টিকে থাকার সংগ্রামের কাহিনি তুলে ধরা হয়েছে দ্য ক্রুডস ছবিতে। এই পরিবারের মাথা গ্রাগ। এক ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগে তাদের বাসস্থান গুহাটি পুরো ধ্বংসস্তূপে পরিণত হয়। নতুন বাসস্থানের সন্ধানে বেরিয়ে পড়ে তারা। নতুন পরিস্থিতিতে নতুন পৃথিবীর একজন মানুষের সঙ্গে দেখা হয় তাদের। নাম গাই। দুজনে একসঙ্গে যাত্রা শুরু করে যেখানে অনেক নতুন অভিজ্ঞতার সম্মুখীন হয় তারা।

**Chris Sanders** is an American animator and director. Known for his work on animated films like 'Lilo & Stitch' (2002), Sanders co-directed 'The Croods'. **Kirk DeMicco** An American screenwriter and director, His storytelling and directorial skills have contributed to the success of animated films, showcasing his ability to create entertaining and meaningful family-friendly content. **Joel Crawford** is best known for his work in the animation industry.

ছবির পরিচালক তিনজন–ক্রিস সান্ডার্স, কার্ক ডি মিকো, জোয়েল ক্রফোর্ড। এই তিন মার্কিন পরিচালক অ্যানিমেশন ছবির জগতে উল্লেখযোগ্য নিদর্শন রেখেছেন।



## FROZEN

2013, 102 Mins
United States
**Language:** English
**Director:** Chris Buck, Jennifer Lee

'Frozen' (2013) follows the journey of two royal sisters, Elsa and Anna, in the kingdom of Arendelle. Elsa, born with magical ice powers, accidentally plunges Arendelle into eternal winter. Fearing her abilities, Elsa isolates herself. Anna, joined by ice vendor Kristoff, his reindeer Sven, and the enchanted snowman Olaf, embarks on a perilous quest to find Elsa and break the icy spell. The film celebrates the power of love for family and self-acceptance.

সদ্য মুকুটধারী রানি এলসা অসম্ভব ঠান্ডায় তার নিজের বাড়িকে অভিশাপ দেয়, এবং ঘটনাক্রমে নিজের শক্তি ব্যবহার করে বাড়ির সব জিনিসপত্র বরফে পরিণত করে। তখন রানির বোন আনা একটি দল গঠন করে, সেই দলে এক পাহাড়ি মানুষ, প্রাণোচ্ছল হরিণ, এবং একজন তুষারমানব ছিল। সেই দলের সাহায্যে আবহাওয়ার অবস্থা পরিবর্তন করে, আবার আগের মতো পরিবেশ ফিরিয়ে আনে।



**Chris Buck:** Born on February 24, 1960, Chris Buck is an American film director known for his work in animation. He co-directed 'Frozen' and previously directed Disney's 'Tarzan' (1999). Buck's talent lies in bringing animated characters to life with heart and humour.

**Jennifer Lee:** Born on October 22, 1971, Jennifer Lee is an American film director, screenwriter, and chief creative officer at Walt Disney Animation Studios. In addition to codirecting 'Frozen', Lee wrote the screenplay. Her storytelling prowess and dedication to authentic characters have made her a prominent figure in animation.

**ক্রিস বাক** আগে ১৯৯৯ তে পরিচালনা করেছেন টারজান। অ্যানিমেশন ছবি নির্মাণে তাঁর মুনশিয়ানা সন্দেহাতীত। **জেনিফার লি** একাধারে চিত্রনাট্যকার,পরিচালক এবং ওয়াল্ট ডিজনির অ্যানিমেশন স্টুডিয়োর চিফ ক্রিয়েটিভ অফিসার।





# KHUMBA

2013, 85 Mins
South Africa
**Language:** English
**Director:** Anthony Silverston

'Khumba' (2013) is an animated adventure film that follows Khumba, a half-striped zebra who is blamed for the lack of rain in his drought-stricken herd. Determined to earn his stripes and bring rain, Khumba sets out on a journey encountering various characters, including a sassy ostrich and a quirky wild dog. As he discovers the importance of diversity and acceptance, Khumba's adventure becomes a tale of self-discovery and the beauty of being unique.

দক্ষিণ আফ্রিকার ছবি খুম্বা। ছবির কেন্দ্রে আছে এক জেব্রা,যার শরীরের অর্ধেকটা ডোরাকাটা, বাকি অর্ধেক সাদা। নাম তার খুম্বা। সে যে অঞ্চলে বাস করে সেখানে খরা ভয়ংকর আকার ধারণ করে। আর এই বিপর্যয়ের জন্য সবাই খুম্বার ওই অদ্ভুত চেহারাকেই দায়ী করে ।নিজের এই দুর্নাম ঘোচানোর জন্য এলাকা ছেড়ে বেরিয়ে পড়ে খুম্বা।পথে দেখা হয় এক বেজায় সাহসী উটপাখি ও এক বিচিত্র স্বভাবের বুনো কুকুরের সঙ্গে।এই যাত্রায় খুম্বা জীবনের নতুন মানে খুঁজে পায়। বৈচিত্র্য যে জীবনেরই একটা অঙ্গ এটা অনুভব করে সে। খুম্বার এই যাত্রা শেষ পর্যন্ত তার নিজেকে খুঁজে পাওয়া এবং স্বাতন্ত্র্যের সৌন্দর্যকে বুঝতে সাহায্য করে।

**Anthony Silverston:** Anthony Silverston is a South African director known for his work in animation. 'Khumba' marked his directorial debut, showcasing his passion for storytelling through visually engaging and family-friendly animated films. Silverston's contribution to the animation industry in South Africa has made him a notable figure in the field.

পরিচালক অ্যান্থনি সিলভারস্টোনের প্রথম ছবি খুম্বা (২০১৩)। প্রথম ছবিতেই নিজস্বতার ছাপ রেখেছেন অ্যান্থনি। দক্ষিণ আফ্রিকার অ্যানিমেশন ছবির জগতে বর্তমানে তিনি একটি জনপ্রিয় নাম।





# INSIDE OUT

2015, 95 Mins
United States
**Language:** English
**Director:** Pete Docter,
Ronnie del Carmen (Codirector)

'Inside Out' takes viewers on an emotional journey into the mind of an 11-year-old girl, Riley. Guided by her emotions – Joy, Sadness, Anger, Fear, and Disgust – the film explores Riley's struggles with moving to a new city. As the emotions grapple with how best to navigate Riley's experiences, the inner workings of her mind come to life. Through laughter and tears, 'Inside Out' beautifully captures the complexities of growing up and the importance of embracing all facets of one's emotions.

অস্কার, গোল্ডেন গ্লোব, বাফটার মতো পুরস্কার প্রাপ্ত ১ ঘণ্টা ৩৫ মিনিটের এই অ্যানিমেশন ছবি কথা বলে মানুষের মনের আনাচকানাচের। ১১ বছরের মেয়ে রিলির মনে সবসময় নানারকম আবেগ কাজ করে। আনন্দ,দুঃখ, রাগ, ভয় ও বিরক্তি এই পাঁচরকম অনুভূতি চালায় তাকে। বাবার চাকরির বদলির কারণে রিলি তার পরিবারের সঙ্গে মিনসোটা থেকে চলে যায় সান ফ্রান্সিসকো। নতুন জায়গায় গিয়ে রিলির মনের এই পাঁচরকম আবেগের প্রভাব প্রবল আকার ধারণ করে। তবে ক্রমশ নিজেকে নতুন পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে শুরু করে রিলি। দূরে সরে যেতে থাকে তার মনের জটিলতা।

**Pete Docter:** Born on October 9, 1968, Pete Docter is a prominent American director, animator, and screenwriter. A key figure at Pixar Animation Studios, he directed acclaimed films such as "Monsters, Inc." (2001) and "Up" (2009). His inventive storytelling and contributions to animation have earned him multiple Academy Awards.

**Ronnie del Carmen:** A Filipino-American animator, story supervisor, and director. Alongside his co-director role in "Inside Out," del Carmen has worked on various Pixar films, including "Up" (2009) and "Ratatouille" (2007).

মার্কিন পরিচালক পিটার ডক্টর অ্যানিমেশন ছবির জগতে গল্প বলার ভঙ্গিতে স্বকীয়তার ছাপ রেখেছেন।

রনি ডেল ক্যামেরন–ফিলিপাইন-মার্কিন এই পরিচালক রাটাটুলি (২০০৭) আপ (২০০৯) ছবি ও তাঁর অন্যান্য কাজের জন্য বেশ জনপ্রিয়।

# INCREDIBLES 2

2018, 118 Mins
United States
**Language:** English
**Director:** Brad Bird

'Incredibles 2' continues the thrilling tale of the Parr family, superheroes forced to live undercover due to a ban on superhero activities. However, when a new villain emerges, Helen Parr (Elastigirl) takes the spotlight to lead a campaign to bring superheroes back. Bob Parr (Mr. Incredible) navigates the challenges of stay-at-home parenting. As the family faces new adversaries and discovers the baby Jack-Jack's emerging powers, they must unite to save the day and prove that a super family can conquer any challenge.

ইনক্রেডিবলস ২ পার নামে এক সুপারহিরোর পরিবারের গল্প। 'পার' পরিবার এখন নিজেদের প্রকৃত পরিচয় প্রকাশ্যে না এনে সাধারণ জীবনযাপন করে। কিন্তু এরমধ্যেও তাদের জীবনে আসে এক ঘোরতর সমস্যা। সুপারহিরোর জগতে আবির্ভাব হয় এক নতুন শত্রুর। এদিকে ছোট্ট জ্যাক জ্যাক এর মধ্যেও সুপারহিরোর সুপার পাওয়ার এর লক্ষণ ক্রমশ ফুঠে উঠছে। কী করবে 'পার' পরিবার? তাদের প্রকৃত পরিচয় কি প্রকাশ্যে আনবে?



**Brad Bird:** Brad Bird, born on September 24, 1957, is an acclaimed American director, screenwriter, and animator. Known for his contributions to animation, Bird directed the critically acclaimed "The Iron Giant" (1999) before making a significant impact at Pixar Animation Studios. His directorial debut at Pixar, "The Incredibles" (2004), won two Academy Awards.

পরিচালক ব্র্যাড বার্ড অ্যানিমেশন ছবির জগতে এক পরিচিত মুখ। 'ইনক্রেডিবলস ২' ২০১৯ এ শ্রেষ্ঠ অ্যানিমেশন ছবির অস্কার পুরস্কার পায়। তাঁর অন্যান্য ছবির মধ্যে উল্লেখযোগ্য দ্য আয়রন গ্রান্ট (১৯৯৯), ইনক্রেডিবলস (২০০৪) প্রভৃতি।






## LITTLE VAMPIRE

2020, 85 Mins
France
**Language:** French
**Director:** Joann Sfar

A friendship forms between a never-aging 10-year-old vampire and an orphan schoolboy, but a moon headed monster throws obstacles in their paths.

দশ বছর বয়সের ভ্যাম্পায়ারের বয়স আর বাড়ে না। এক অনাথ স্কুলছাত্রের সঙ্গে তার বন্ধুত্ব তো হয়। কিন্তু তাদের বন্ধুত্ব এক সংকটের মধ্যে পড়ে, যেখানে তাদের বন্ধুত্বের মাঝে  বাধা হয়ে দাঁড়ায় চাঁদমুখো এক দৈত্য !

## THE EVERLASTING STORY

2021, 90 Mins
Russia
**Director:** Andrey Kolpin



Long ago, there was peace between all. Until the White Ghost wreaked havoc and threatened to destroy all. Only one man can stop him, he's brave, strong and handsome and he rides a bike, his name is Koschey.

বহুদিন আগে, তখন ছিল এক  শান্ত পরিবেশ। হঠাৎই সেখানে এক সাদা ভূতের আবির্ভাবে চারিদিকে অন্ধকার নেমে আসে। সে সবকিছু ধ্বংস করে দেওয়ার হুমকি দিত। তাকে থামাতে পারত শুধু একজন। এক সাহসী, শক্তিশালী আর সুদর্শন বাইক চালক। নাম ছিল তার কোশেচ।

## THREE HEROES AND HORSE JULIUS ON THE THRONE



2021, 97 Mins
Russia
**Director:** Darina Shmidt, Konstantin Feoktistov

As always, Kon Yuliy got into history. And at the same time he helped the Prince - they accidentally exchanged bodies, of course, not without the help of an old acquaintance--- Baba Yaga and a little witchcraft.

রাজকুমারকে সাহায্য করতে গিয়ে বাবা ইয়াগা ও তাঁর জাদুবিদ্যার সাহায্য নিয়ে কন ইউলি আকস্মিক ভাবে রাজকুমারের সঙ্গে নিজের শরীর বদলে ফ্যালে।



## ENCANTO

2021, 99 Mins
United States
**Language:** English
**Director:** Jared Bush
Byron Howard
Charise Castro Smith

In the magical town of Encanto, the Madrigal family lives in a house blessed with extraordinary powers. Each family member possesses a unique magical gift, except for Mirabel. When the magic surrounding Encanto begins to fade, Mirabel embarks on a journey to uncover the mystery behind it and discovers the strength of her family bonds along the way.

পেড্রো ও আলমা ম্যাড্রিগাল  এক সশস্ত্র বাহিনীর সদস্য। তারা দল ছেড়ে চলে যায় কলম্বিয়ায়। সঙ্গে তাদের তিন সন্তান। বাস করতে থাকে এনকান্টো নামে এক মায়ানগরীতে। একদিন সশস্ত্র বাহিনীর হাতে নিহত হয় পেড্রো। হঠাৎ আলমার মোমবাতিটি জাদুবাতি হয়ে ওঠে। পালিয়ে যায় পেড্রোর ঘাতক বাহিনী। ম্যাড্রিগাল পরিবারের প্রতিটি সদস্য কোনও না কোনও জাদুশক্তির অধিকারী হয়ে ওঠে। ব্যতিক্রম মিরাবেল। ক্রমশ মায়া নগরী এনকান্টো থেকে জাদুর প্রভাব হ্রাস পেতে শুরু করে। মিরাবেল তখন এর রহস্য খুঁজতে বেরোয়। সে পায় এক অমূল্য সম্পদ। তাঁর পরিবারের অটুট বন্ধন। যা কিনা সবথেকে বড়ো ম্যাজিক।

## TADEO JONES 3 LA TABLA ESMERALDA

2022, 90 Mins
Spain
**Director:** Enrique Gato

Tad accidentally unleashes an ancient spell, endangering the lives of his friends Mummy, Jeff and Belzoni. With everyone against him and only helped by Sara, he sets off on an adventure to end the Curse of the Mummy.



ট্যাডেও জোনস - ৩ স্পেনে নির্মিত ছোটোদের একটি বিখ্যাত চলচ্চিত্র যেটি নির্মাণ করেছেন 'এনরিক গ্যাটো'। এই সিনেমাতে, ঘটনাক্রমে ট্যাড তার বন্ধু মমি , জেফ এবং বেলজোনির জীবন বিপন্ন করে তোলে এক প্রাচীন মন্ত্র প্রকাশ করে। এর ফলস্বরূপ সবাই তার বিরুদ্ধে চলে যেতে থাকে , শুধুমাত্র সারার সাহায্যে সেই অভিশাপ শেষ করার জন্য সে এক দুঃসাহসিক অভিযান শুরু করে।

Ivan and Vasilisa had not a life, but a fairy tale. in literal sense. And they already knew this fairy tale, and they wanted to go there, though don't-know-when. That's just one butterfly with its own wing effect waved and arranged a magical reboot. Now in the whole far away kingdom, no one even remembers Ivan's name, including Vasilisa herself. So, in order to achieve the princess again, Ivan and the Gray Wolf need to turn over the entire cartoon universe.



## PRINCE IVAN AND GREY WOLF 5

2022, 78 Mins
Russia
**Director:** Konstantin Feoktistov

ইভান ও ভাসিলিসার জীবন ছিল রূপকথার মতো। প্রজাপতির ডানার ঝাপটায় এক লহমায় তাদের জীবন বদলে যায়। সেই জীবনে কেউ না চেনে ইভানকে, না চেনে ভাসিলিসাকে, না তারা দু'জন দু'জনকে চেনে। তাই ভাসিলিসাকে ফিরে পাওয়ার জন্য ইভান ও তার ধূসর নেকড়েটি তাদের জগৎটি আবার বদলে দিতে চায়।

## JOURNEY TO YOUR LAND

2022, 85 Mins
Slovak Republic, Czech Republic, Belgium
**Language:** Slovak **Director:** Peter Budinsky

Riki, discontented in a dreary home, runs away following a mysterious signal from a shiny stone. Transported to the enchanting realm of 'Yourland', he discovers the stone is a coveted power core. Embedded in his heart, it seeks protection. Riki faces a dilemma– who to trust with the secret, be it his mischievous friend Emma, powerful robot Metal Man, monkey general Tidling, or no one. The adventure unfolds as Riki navigates perils and traps to restore the stone, the Heart of a Tower, to its 'nest'.



২০২২ সালে তৈরি ১ ঘণ্টা ২৫ মিনিটের স্লোভাক ছবি জার্নি টু ইয়োর ল্যান্ড। রিকি একটি দশ বছরের বালক। বাড়িতে থাকতে তার একটুও ভালো লাগে না। একদিন সে বাড়ি থেকে পালিয়ে যায়। রাস্তায় দ্যাখে একটা পাথর থেকে অদ্ভুত আলো বেরোচ্ছে। সেই আলো অনুসরণ করে সে পৌঁছে যায় 'ইয়োরল্যান্ড' নামে এক জাদুরাজ্যে। সেখানে তার সঙ্গে আলাপ হয় দুষ্টু মেয়ে এমা, শক্তিধর এক রোবট মেটালম্যান এবং টাইডিং নামে একটি বাঁদরের। পাথরটির অদ্ভুত জাদুশক্তির রহস্য কি নিজের মনেই রেখে দেবে রিকি? নাকি কাউকে জানাবে? এক দোলাচলে পড়ে সে।

The Webster Family is a spider family like any other. And yet they are exceptional. Lili has already been through various adventures, but now she is in for the biggest and most dangerous of all: meeting a human being. She, as a little spider, becomes friends with a big human girl. Together, they recognize that it doesn't matter how big or small one is.



## THE WEBSTERS MOVIE

2022, 65 Mins Slovakia
**Director:** Katarina Kerekesova

ওয়েবস্টার হল একটি মাকড়সার পরিবার, যেটি আর পাঁচটা পরিবারের মতো হলেও ব্যতিক্রমী।
লিলি বড়ো ও বিপজ্জনক এক মাকড়সা আর তার সঙ্গে একটি মেয়ের বন্ধুত্ব হয়। দুজনে অনুভব করে যে বন্ধুত্বের মধ্যে বড়ো আর ছোটো বলে কিছু হয় না।

## LOUPETOO

2022, 90 Mins
Iran
**Language:** Persian, Pashto
**Director:** Abbas Askari



In the whimsical animated musical comedy 'Loupetoo', we follow the adventures of Mr. Kamali, the proprietor of a unique sanatorium. Instead of traditional treatments, Mr. Kamali employs a creative approach, teaching his patients the art of crafting enchanting toys. The toys, filled with imagination, captivate children's hearts. However, the joy is short-lived as the toy studio faces closure due to acts of sabotage. Join Mr. Kamali and his endearing patients on a heartwarming journey filled with laughter, resilience, and the magic of creativity as they navigate the challenges and strive to reopen their beloved toy studio.

লপেটু ২০২২ এর ইরানি অ্যানিমেশন ছবি । মিস্টার কামিল একটি স্যানাটোরিয়াম এর মালিক। সেটি একটি মজার জায়গা। গতানুগতিক চিকিৎসা পদ্ধতির পরিবর্তে সেখানে একদম ভিন্ন পদ্ধতিতে চিকিৎসা করা হয়। নানা সৃষ্টিশীল কাজ করেন সেখানকার আবাসিকরা। বিশেষ করে মজার মজার খেলনা পুতুল তৈরি করা তাদের প্রধান কাজ। কিন্তু কোনও এক দুষ্টু ব্যক্তির অন্তর্ঘাতে এই পুতুল তৈরির মজার স্টুডিয়োটি বন্ধ হওয়ার উপক্রম হয়। মিস্টার কামালি এবং তাঁর আবাসিকরা কিন্তু ভেঙে পড়েন না। স্যানাটোরিয়ামটিকে চালু করার জন্য তাঁরা সবাই এক হয়ে লড়াই করেন।

## 3 LITTLE KUNGPOO GOATS

2023, 101 Mins
UAE
**Director:** Kianoosh Dalvand and Farzad Dalvand



A fragile ceasefire between Predators and prey has been protected by the anonymous Ninja Warrior named 'RED SHADOW'. One day the wolf exhausted by vegetarian recipes decided to find a legal detour to hunt some little goats without breaking the truce and the red shadow reaction. But he doesn't know that these little goats are the students of the Martial school that trains self-defense in little animals by flourishing in the inner talent.

বনের জীবজগতের শিকারি এবং লুঠেরাদের মধ্যে এক যুদ্ধ বিরতির চুক্তি হয়।এই পুরো ব্যাপারটা ঘটে রেড শ্যাডো নামে নিনজা যোদ্ধাদের উদ্যোগে। এক নেকড়ে নিরামিষ খাবারে বিরক্ত হয়ে আইনের ফাঁক গলে ছাগল শিকার করতে উদ্যোগী হয়। কিন্তু সে জানত না এই ছাগলেরা মার্শাল আর্ট শিক্ষিত। নেকড়ের আছে দাঁত। আর ছাগলদের আছে মার্শাল আর্টের শিক্ষা। যা তাদের আত্মরক্ষার মন্ত্র শিখিয়েছে।

## ANIMATION FEATURES

# ALMANDAR

2023, 68 Mins Russia
**Director:** Sergei Kiatrov



Almandar has lived a long life and has even had death himself to come for him. Fortunately, due to the death's silly mistake he was left alive. When the mistake is made known the agent of death heads back to take Almandar's soul and finish the job he started many years ago.

দীর্ঘ জীবন ছিল আলমান্দরের, কিন্তু এবার মৃত্যু এসে তার জীবনে হানা দেয়। ভাগ্যক্রমে মৃত্যুর তুচ্ছ ভুলের কারণে তিনি তা সত্ত্বেও বেঁচে গেছিলেন। ভুলের কারণ জানতে পেরে মৃত্যুর প্রতিনিধি আসে আলমান্দরের আত্মাকে ফিরিয়ে আনতে।

# DETECTIVE CHRIP AND THE GOLDEN BEEHIVE

2023, 85 Mins Russia
**Director:** Grigoriy Vozhakin

Residents of Honey Valley are preparing for their favorite holiday--- City Day, when all citizens have the opportunity to admire a unique artifact, the Golden Beehive. According to legend, it was found by the founders of Honey Valley, and legend has it that thousands of misfortunes will befall the town if the hive disappears. On the eve of the holiday, the hive was stolen. Blame it on the squirrel Chink, assistant owl detective Sofi. Chink and his friends will have to unravel the case, find a real crook and return not only the Golden Hive, but also peace to the Valley.



কিংবদন্তি অনুসারে , হানি ভ্যালির আদি প্রতিষ্ঠাতারা একদা খুঁজে পেয়েছিলেন এই 'হাইভ' বা মৌচাক। কিংবদন্তি অনুসারে এই 'হাইভ' বা মৌচাক অদৃশ্য হয়ে গেলে হাজারো দুর্ভাগ্য এই শহরের বুকে নেমে আসবে। মধু-উপত্যকার বাসিন্দারা সেদিন তাদের প্রিয় ছুটির জন্য প্রস্তুতি নিচ্ছিল। সেই ছুটির দিন সন্ধ্যাবেলায় 'মৌচাক'-টা চুরি হয়ে যায়।

# ELEMENTAL

2023, 101 Mins United States
**Director:** Peter Sohn

The film journeys alongside an unlikely pair, Ember and Wade, in a city where fire, water, land and air residents live together. The fiery young woman and the go-with-the-flow guy are about to discover something elemental: how much they have in common.

গ্রিক পুরাণ অনুসারে আগুন জল মাটি বাতাস এই চারের সমন্বয়ে গড়ে উঠেছে আমাদের পৃথিবী। এম্বার এবং ওয়েড সংসার করলেও তাদের পস্পরের প্রকৃতির মধ্যে নেই কোনও মিল। তাদের সম্পর্ক যেন আগুনের মতো উত্তপ্ত।তারা যায় এক নতুন শহরে। সেখানে তারা খুঁজে পায় জল মাটি বাতাস এই বন্ধুদের।




হলিউডে হুলুস্থুলু
HOLLYWOOD
CLASSICS



## MARY POPPINS

1964, 139 Mins United States
**Director:** Robert Stevenson

'Mary Poppins' (1964) is a classic musical fantasy directed by Robert Stevenson. The film centers on the magical and whimsical Mary Poppins, a practically perfect nanny, who arrives at the Banks family home in London. With her enchanting presence and magical abilities, Mary takes the Banks children on fantastical adventures, teaching them important life lessons. The film blends live-action and animation, creating a timeless tale of joy, imagination, and the importance of family.

চারটি অস্কার এবং দুটি বাফটা পুরস্কার প্রাপ্ত মিউজিক্যাল ফ্যান্টাসি মেরি পপিন্স। লন্ডনের ব্যাঙ্কস পরিবারের দুই দুষ্টু শিশুকে দেখাশোনা করতে আসেন মেরি পপিন্স। মেরি পপিন্স একদম ঠিকঠাক একজন ন্যানি। তাঁর উপস্থিতি দুই শিশুর জগতে এক নতুন মাত্রা যোগ করে। ভালোবাসতে শেখান পরিবারকে। তাদের অন্তরে জাগিয়ে তোলেন মূল্যবোধ, আদর্শ। ফ্যান্টাসি, মজা, অসাধারণ সংগীতসমৃদ্ধ এই ছবি এককথায় কালজয়ী।

## E.T. THE EXTRA-TERRESTRIAL

1982, 115 Mins United States
**Director:** Steven Spielberg

'E.T. the Extra-Terrestrial' (1982) is a sci-fi masterpiece directed by Steven Spielberg. The film follows Elliott, a young boy who befriends a stranded extraterrestrial, E.T. As Elliott and his siblings hide E.T. from the authorities, a deep bond forms. Together, they embark on a quest to help E.T. return home. The film is a timeless tale of friendship, compassion, and the enduring magic of childhood.

স্টিভেন স্পিলবার্গের কালজয়ী সিনেমা 'ই টি' বিশ্ব সিনেমার ইতিহাসে সর্বকালের অন্যতম জনপ্রিয় ছবি হিসাবে জায়গা করে নিয়েছে। ১৯৮২ সালের ১১ জুন মুক্তিপ্রাপ্ত ইটি দুটি অস্কার ও একটি গোল্ডেন গ্লোব পুরস্কারে ভূষিত। প্রিমিয়ার হয় ১৯৮২ কান ফিল্ম ফেস্টিভ্যালের শেষ দিন ২৬ শে মে। ভিন গ্রহের এক অধিবাসী ও আমাদের গ্রহের একটি ছেলে এলিয়ট এই দুজনের বন্ধুত্বকে কেন্দ্র করে ছবির কাহিনি এগিয়ে চলেছে। এর সমান্তরাল ভাবেই উঠে এসেছে আরও নানা ঘটনা।সায়েন্স ফিকশন ঘরানাকে ছুঁয়ে গেলেও এই ছবি মূলত মানবতা, ভালোবাসা, ও বন্ধুত্বের।



## THE GOONIES

1985, 114 Mins   United States
**Director:** Richard Donner

'The Goonies' (1985) is an adventure-comedy directed by Richard Donner. A group of misfit kids—Mikey, Mouth, Data, Chunk and friends—embark on a treasure hunt to save their homes from foreclosure. Following an old pirate map, they encounter traps, puzzles, and the legendary pirate One-Eyed Willy's hidden treasure. The film is a thrilling and humorous coming-of-age journey full of friendship, courage, and the spirit of adventure.

মিকি, মাউথ, ডেটা, চাঙ্ক চার অভিন্নহৃদয় বন্ধু হলেও তাদের প্রকৃতি সম্পূর্ণ ভিন্ন ।তাদের বাড়িটি বন্ধক আছে। অল্প কিছুদিনের মধ্যেই সেটির হাত বদল হয়ে যাবে। এই বিপর্যয় থেকে রক্ষা পেতে চার বন্ধু এক পরিকল্পনা করে। তাদের হাতে আসে এক গুপ্ত ভাণ্ডারের মানচিত্র। একচক্ষু জলদস্যু উইলির সেই লুকোনো ধন ভাণ্ডারের খোঁজে বেরিয়ে পড়ে তারা। মানচিত্রের জটিল ধাঁধাঁ ভেদ করে অনেক  বিপদসংকুল পথ পেরিয়ে সেই গুপ্তধনের অভিযানে তাদের বন্ধুত্বের ভিত আরও মজবুত হয়ে ওঠে। রোমহর্ষক অ্যাডভেঞ্চার,আর তার অনুষঙ্গ হিসাবে কমেডি এই ছবির অন্যতম আকর্ষণ।





## CASPER

1995, 100 Mins   United States
**Director:** Brad Silberling

'Casper' (1995) follows the adventures of a friendly ghost named Casper. When Kat and her father, a paranormal therapist, move into a haunted mansion, they encounter Casper and his mischievous ghost uncles. As Kat befriends Casper, they embark on a journey to discover the secrets of the afterlife and help Casper find peace. The film blends humor, heart, and a touch of the supernatural in this family-friendly tale.

মানুষ আর ভূতেও কি বন্ধুত্ব হয়? অবশ্যই হয়। আর এই বন্ধুত্বের কাহিনিই উঠে এসেছে ব্র্যাড  সিলবারলিং পরিচালিত ১৯৯৫  সালের ছবি 'ক্যাসপার' এ। প্যারানরমাল থেরাপিস্ট জেমস হার্ভে ও তাঁর মেয়ে ক্যাট যায় একটি ভূতুড়ে বাড়িতে। উদ্দেশ্য ভূত তাড়ানো। সেই বাড়িতেই থাকে এক ছোট্ট ভূত ক্যাসপার। তার সঙ্গে বন্ধুত্ব হয়ে যায় ক্যাটের। মৃত্যুর পরে জীবন কেমন হয় সেই খোঁজ শুরু করে তারা। ভূত থাকলেও ছবিতে নেই ভয়,  হাস্যরসে জারিত এক নির্মল পারিবারিক  ছবি ক্যাসপার।



## BABE

1995, 92 Mins Australia, United States
**Director:** Chris Noonan

'Babe' (1995) is a heartwarming tale of a pig named Babe who dreams of becoming a sheepdog. Adopted by Farmer Hoggett, Babe defies traditional expectations and wins the hearts of both animals and humans with his gentle nature. Through perseverance and kindness, Babe proves that even the most unlikely can achieve remarkable feats and challenge societal norms.

ডিক কিং স্মিথের ১৯৮৩ এর উপন্যাস 'শিপ পিগ' অবলম্বনে পরিচালক ক্রিস নুনান নির্মাণ করেন ছবি 'বেব'। এক ছোট্ট শূকরছানা বেব, স্বপ্ন দ্যাখে সে একদিন পশুপালকদের ভেড়া পাহারা দেওয়া কুকুরের মতো হবে।হোগেট নামে এক কৃষকের কাছে থাকে সে। সেখানকার এক প্রতিযোগিতায় সে জয়ী হয়।তার নম্র স্বভাবের কারণে এলাকার পশুরাই শুধু নয় সাধারণ মানুষও ভালোবেসে ফ্যালে তাকে। সে প্রমাণ করে অধ্যবসায়, নিষ্ঠা এবং ভালো আচরণ দিয়ে সমস্ত বিরূপতাকে জয় করা যায়।

## AROUND THE WORLD IN 80 DAYS

2004, 120 Mins United States
**Director:** Frank Coraci

'Around the World in 80 Days' (1956) is an epic adventure comedy based on Jules Verne's novel. Phileas Fogg (David Niven) accepts a bet to circumnavigate the globe in 80 days. Accompanied by his loyal servant Passepartout (Cantinflas), they embark on a whirlwind journey, encountering challenges, romance, and cultural escapades. The film captures the spirit of adventure and the world's diversity in a grand cinematic spectacle.

জুল্ ভার্ন এর কালজয়ী উপন্যাস অ্যারাউন্ড দ্য ওয়ার্ল্ড ইন ৮০ ডেজকে পর্দায় রূপ দিয়েছেন পরিচালক মাইকেল অ্যান্ডারসন।ছবির ঝুলিতে আছে ৮টি অস্কার। কেন্দ্রীয় চরিত্র ফিলিয়াস ফগ এবং জাঁ পাসোপার্তু এবং অবশ্যই তাঁদের ৮০ দিনে সারা পৃথিবী ঘুরে আসার কাহিনি। বন্ধুদের কাছে বাজি ধরে এই দুজন মালিক এবং ভৃত্য বেরিয়ে পড়েন দুনিয়া ভ্রমণে। ১০০টি ভিন্ন ভিন্ন জায়গায় শুটিং করা এই অ্যাডভেঞ্চারের ছবিতে উঠে আসে ভিন্ন ভিন্ন সংস্কৃতি, প্রেম, দুঃসাহসিক অভিজ্ঞতা, প্রকৃতির নানা রূপ, বৈচিত্র্যময় পৃথিবীর এক কোলাজ।



## HACHIKO: A DOG'S TALE

2009, 93 Mins United States
**Director:** Lasse Hallström

In the heartwarming film 'Hachiko: A Dog's Tale', a bond forms between Professor Parker Wilson (Richard Gere) and an Akita puppy named Hachiko. Set in Tokyo, this emotional tale is based on the true story of Hachikō, who faithfully awaited his owner's return at the Shibuya Station every day, even after his owner's sudden passing. The narrative beautifully unfolds the unbreakable connection between man and his loyal canine companion. As Hachiko's devotion captures the hearts of commuters and the community, the story becomes a testament to the enduring power of love and loyalty.

সত্যি ঘটনা অবলম্বনে নির্মিত ২০০৯ এর মর্মস্পর্শী ছবি হাচিকো: এ ডগ'স টেল। অধ্যাপক পার্কার উইলসন রেলওয়ে স্টেশন থেকে একটি কুকুরছানা বাড়িতে নিয়ে আসেন। নাম রাখেন হাচিকো। কুকুরটি ছিল আকিতা প্রজাতির। অন্য কুকুরদের মতো এরা কিছু শিখতে পারেনা। কিন্তু তার আনুগত্য ছিল সন্দেহাতীত।সকালে অধ্যাপক উইলসনের সঙ্গে সে রোজ স্টেশন পর্যন্ত যেত। আবার বিকেল পাঁচটায় তাঁর বাড়ি ফেরার সময় গিয়ে তাঁর জন্য অপেক্ষা করত।অধ্যাপকের অকস্মাৎ প্রয়াণ মেনে নিতে পারেনা হাচিকো। রোজ বিকেল পাঁচটায় গিয়ে সে স্টেশনে অপেক্ষায় থাকত, কখন তার প্রভু ফিরবে?





## MR. POPPER'S PENGUINS

2011, 94 Mins United States
**Director:** Mark Waters

A heartwarming family comedy that follows the life of Mr. Thomas Popper Jr. (Jim Carrey), a successful businessman whose world turns upside down when he inherits six Gentoo penguins. As Mr. Popper attempts to manage the chaos caused by the penguins in his New York apartment, he discovers the joy and unpredictability they bring to his life. The film is a delightful exploration of family, friendship, and the unexpected joys that come from embracing the unexpected.

থমাস পপার এর বাবা সিনিয়র থমাস পপার একজন ভূপর্যটক। সে কারণে ছোটোবেলায় বাবার সঙ্গ পায়নি সে। ছোট্ট থমাস এখন বড়ো হয়ে গেছে। সংসার করছে। তাঁর দুই সন্তান বিলি ও জেনি। হঠাৎ অ্যান্টার্কটিকা থেকে সিনিয়র থমাসের মৃত্যুর খবর আসে। তাঁর পোষা ছটি পেঙ্গুইন এখন জুনিয়র থমাসের কাছে আসে। বাড়ি জুড়ে শুরু হয় পেঙ্গুইনদের বিচিত্র কাণ্ড কারখানা। তিতিবিরক্ত হয়ে ওঠে থমাস জুনিয়র। ক্রমশ তার মন পরিবর্তিত হয়। ভালোবেসে ফ্যালে সে তাদের।



## LIFE OF PI

2012, 127 Mins United States
**Director:** Ang Lee

A visually stunning adventure that unfolds the remarkable story of Pi Patel. After a shipwreck in the Pacific Ocean, Pi finds himself on a lifeboat with a Bengal tiger named Richard Parker. The film explores themes of survival, faith, and the incredible connection that develops between Pi and the wild tiger. As Pi navigates the vast ocean, the story becomes a captivating exploration of the human spirit's resilience and the beauty found in unexpected companionship.

পাই এর বাবা একটি চিড়িয়াখানার মালিক।তিনি এখান থেকে চলে যেতে চান কানাডা। চিড়িয়াখানার সব প্রাণী ও সপরিবার পাই জাহাজে যাত্রা করে। প্রশান্ত মহাসাগরে সামুদ্রিক ঝড়ে জাহাজডুবি হয়। একটি লাইফবোটে বেঁচে থাকে পাই, রিচার্ড, একটি হায়না, একটি ওরাং ওটাং ও একটি জেব্রা। হায়নাটি একে একে জেব্রা ও ওরাং ওটাংটিকে খেয়ে ফ্যালে। এবার কি পাইয়ের পালা? কী আশ্চর্য! রিচার্ড হায়নাটিকে মেরে পাইকে রক্ষা করে। অজান্তেই তারা একে অপরের বন্ধু হয়ে ওঠে। পরস্পরের সাহচর্যে দুশো সাতাশ দিন সমুদ্রে ভেসে বেড়ায় তারা।

## WONDER

2017, 113 Mins United States
**Director:** Stephen Chbosky

Based on the 'New York Times best-seller', this movie tells the incredibly inspiring and heartwarming story of August Pullman, a boy with facial differences who enters the fifth grade, attending a mainstream elementary school for the first time.

সিনেমাটি নিউ ইয়র্ক টাইমসের বেস্টসেলারের উপর ভিত্তি করে নির্মিত। এই সিনেমার নির্মাতা স্টিফেন চবসকি। অভাবনীয় অনুপ্রেরণাদায়ক ও হৃদয়গ্রাহী এই গল্পের লেখক হলেন অগাস্ট পুলম্যান। একজন ছেলে যার মুখাকৃতির পরিবর্তন হয়, যে প্রথমবারের মতো পঞ্চম শ্রেণিতে একটি মূলধারার প্রাথমিক বিদ্যালয়ে ভরতি হয়। সেই নিয়ে একটি অসামান্য গল্পই এই সিনেমার প্রেক্ষাপট।





**NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE**

**জাতীয় পুরস্কারপ্রাপ্ত সেরা ভারতীয় ছোটোদের ছবি**

## NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE

# GANDHI & CO.

2022, 101 Mins
India
**Language:** Gujarati
**Director:** Manish Saini

Mintoo & Mitra (Both 11 years old) are known for two things, firstly their collective potential towards mischief and secondly for their legendary friendship with Bharat Bhai. The boys are clever but scrupulous and our old man is an embodiment of all the teachings of Gandhi.
An unexpected happening corners Mintoo ( a Superhero Jango fan) into proclaiming Mahatma Gandhi as his role model. Mintoo soon starts mimicking Gandhi's behavior but he is nowhere close to imbibing Gandhi's values. His deceiving ways are fetching him rewards but little does he know how these ways are pushing him into troubled waters.

শ্রেষ্ঠ শিশু চলচ্চিত্রের জাতীয় পুরস্কারপ্রাপ্ত এই ছবির কেন্দ্রে আছে তিনজন। ১১ বছরের দুই বন্ধু মিন্টু এবং মিত্র ও এক ব্যক্তি ভারত ভাই ।ভীষণ দুষ্টু মিন্টু, মিত্রর বন্ধুত্ব গড়ে ওঠে গান্ধিজির ভক্ত এক বৃদ্ধ ভারত ভাইয়ের সঙ্গে। মিন্টু সুপারহিরো জ্যাঙ্গোর খুব ভক্ত। এক অনুষ্ঠানে মিন্টু গান্ধিজির চরিত্রে অভিনয় করে। কিন্তু সেই অভিনয় শুধুই বাহ্যিক ।অন্তরে সে মহাত্মার আদর্শ কিছুই অনুভব করেনি। এগিয়ে আসেন ভারত ভাই। গান্ধিজির সততা,ঐক্যের বাণী শোনান এই দুই বালককে। তাদের মর্মে কি প্রবেশ করবে গান্ধির বাণী? বোধ কি জাগ্রত হবে? ভারত ভাই কি তাঁর এই মহান কর্মে সফল হবেন?

**Awards:**
National Film Awards, India
Winner of Golden Lotus Award for the Best Children's Film, 2023
New York Indian Film Festival
Winner of the Best Child Actor, 2022

Manish Saini is an Indian filmmaker who works in Gujarati language films. He is known for his work as a director in his debut, Dhh (2017), for which he received the National Film Award for the Best Feature Film in Gujarati at the 65th National Film Awards. The film is a story of three schoolchildren who come to believe that a magician, who just came to the city, can magically get them out of their troubles. The film starring Naseeruddin Shah was released by Viacom18 and was also a part of the Toronto International Film Festival Kids.



মণীশ সাইনি এই মুহূর্তে গুজরাটি ছবির জগতে অন্যতম সেরা পরিচালক। ২০১৭ সালে নির্মিত তাঁর প্রথম ছবি ডি এইচ এইচ পেয়েছিল শ্রেষ্ঠ গুজরাটি ছবির জাতীয় পুরস্কার।



# NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE



## SUMI

2022, 90 Mins
India
**Language:** Marathi
**Director:** Amol Gole

Sumi, set in rural India, tells the story of Sumati, a 12-year-old impoverished girl, and her struggle, ambition, commitment, and friendship. Sumi is the story of a little girl's courage. It's the story of turning dreams into reality. The story of a girl who wants to progress and she knows that it will only be possible when she chases her dreams and works hard to achieve them. Girl child education and family values are key themes of the film.

মহারাষ্ট্রের প্রত্যন্ত গ্রামের এক দরিদ্র পরিবারের মেয়ে সুমতি। ১২ বছরের সুমতির চোখ ভরা স্বপ্ন—সে অনেক পড়াশোনা করবে, অনেক বড়ো হবে। কিন্তু তার স্বপ্নপূরণের প্রধান অন্তরায় দারিদ্র্য। সুমির বাবা এক পাথর ভাঙার ফ্যাক্টরিতে কাজ করে। সুমি রোজ তাকে দুপুরবেলা খাবার দিয়ে আসে। তার স্কুলের পড়াশোনার সময় নষ্ট হয়। কিন্তু তবু তার স্বপ্ন ভেঙে যায়না। সে জানে, স্বপ্নপূরণ করতে হলে সেই স্বপ্নের পিছনে তাকে ছুটতে হবেই। তা সে যতই বাধা বিপত্তি আসুক না কেন। উঁচু ক্লাসে ওঠে সুমি। পাশের গ্রামের বড়ো স্কুল তাদের বাড়ি থেকে অনেক দূরে। রোজ সেখানে যেতে হলে তার দরকার একটি সাইকেল। কী করবে সুমি? তার স্বপ্ন কি পূর্ণ হবে? উচ্চাশা, সংগ্রাম, স্বপ্নপূরণের গল্প বলে অনুপ্রেরণাদায়ক জাতীয় পুরস্কারপ্রাপ্ত এই মারাঠি ছবি।

**Awards:**
National Film Awards, India
Winner of Golden Lotus Award, Best Children's Film, 2022
Winner of Silver Lotus Award, Best Child Artiste, 2022



Amol Gole is an Indian cinematographer who shot Hindi films like Stanley Ka Dabba, Hawaa Hawaai, Elizabeth Ekadashi, Touring Talkies, Investment, etc. He debuted as an Independent cinematographer with the film Stanley Ka Dabba directed by Amole Gupte.

মূলত আলোকচিত্রী অমল গোলের এই ছবি পেয়েছে শ্রেষ্ঠ শিশু চলচ্চিত্রের  জাতীয় পুরস্কার। স্ট্যানলি কা ডাব্বার মতো ছবিতেও আলোকচিত্রী হিসাবে কাজ করেছেন তিনি।

# NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE

## LAST FILM SHOW

2021, 110 Mins
India
**Language:** Gujarati
**Director:** Pan Nalin

Nine-year-old Samay, from a village in Gujarat, loves watching movies and dreams of making them. He befriends Fazal, a projectionist, to get free shows in exchange for his mom's delicious food. Samay learns about filmmaking by playing with discarded reels and creating his makeshift projector. He faces challenges when stealing movie reels leads to riots, but his passion continues. Recognizing Samay's talent, his family supports his dream, and he leaves for Vadodara to study and pursue his love for movies.

ছবির কেন্দ্রীয় চরিত্র ৯ বছরের সময়। সে থাকে গুজরাটের একটি গ্রামে। সময়ের এক ও একমাত্র ভালোবাসা সিনেমা দেখা। তার দু-চোখ ভরা স্বপ্ন যে সে ভবিষ্যতে চলচ্চিত্র পরিচালক হবে। প্রোজেকশনিস্ট ফজলের সঙ্গে সময়ের ঘনিষ্ঠ বন্ধুত্ব গড়ে ওঠে। ফজল তাকে বিনা পয়সায় সিনেমা দেখার সুযোগ করে দেয়। বিনিময়ে সময় তাকে খাওয়ায় মায়ের রান্না করা সুস্বাদু খাবার। বাতিল সিনেমার রিল দিয়ে খেলার ছলে সে নিজের মতো করে সিনেমাও তৈরি করে। বানিয়ে নেয় মানানসই প্রোজেক্টরও। কিন্তু তার এই রিল চুরি করার ঘটনাকে কেন্দ্র করে দাঙ্গা বেধে যায়। কিন্তু এসবের পরেও সিনেমার প্রতি সময়ের গভীর ভালোবাসা একই রকম থাকে। সময়ের পরিবারের সদস্যরাও ক্রমশ তার এই আবেগ এবং প্রতিভা উপলব্ধি করতে পারে। নিজের স্বপ্নপূরণে সে পাশে পায় পরিবারকে। সিনেমা নিয়ে পড়াশোনার জন্য সময় চলে ভদোদরার উদ্দেশে। তার দু-চোখে শুধু চলচ্চিত্রকার হওয়ার স্বপ্ন।

Pan Nalin, born on September 22, 1969, in Surat, India, is a renowned filmmaker known for his diverse and globally acclaimed works. He studied film making at the Film and Television Institute of India (FTII) in Pune. Nalin gained international recognition with his debut feature film, "Samsara" (2001), exploring spiritual themes. His films, such as "Valley of Flowers" (2006) and "Ayurveda: Art of Being" (2001), showcase a unique blend of visual richness and profound storytelling, often delving into cultural and human experiences.



এফ টি আই আই এর প্রাক্তনী প্যান নলিন সিনেজগতের অন্যতম পরিচিত ব্যক্তিত্ব। সুরাটের বাসিন্দা। প্রথম ছবি সমসারা (২০০১) তেই তিনি আন্তর্জাতিক খ্যাতি লাভ করেছেন। এছাড়াও তাঁর উল্লেখযোগ্য কাজ হল ভ্যালি অফ ফ্লাওয়ারস (২০০৬) প্রভৃতি।

Awards: Satellite Awards : Winner of Breakthrough Performance Award, 2023, National Film Awards, India : Winner of the Best Child Artiste Award, 2023, Winner of the Best Feature Film in Gujarati, 2023



## NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE

# SA. HI. PRA. SHAALE, KASARAGODU

2018, 147 Mins
India
**Language:** Kannada
**Director:** Rishab Shetty

"Sa.Hi.Pra.Shaale, Kasaragodu" is a 2018 Kannada film directed by Rishab Shetty. Set in Kasaragodu, it tells the story of a group of mischievous students and passionate teachers fighting to save their Kannada medium school from closure. The film explores themes of linguistic diversity and cultural harmony, delivering a heartwarming tale that celebrates community unity and the importance of preserving regional identity.

সা.হি.প্রা.শালে, কাসারগোড়ু হল ঋষভ শেঠি পরিচালিত একটি ২০১৮ সালের কন্নড় চলচ্চিত্র। কাসারগোড়ুতে সেট করা, একদল দুষ্টু ছাত্র এবং আবেগপ্রবণ শিক্ষকদের তাদের কন্নড় মিডিয়াম স্কুলকে বন্ধ হওয়ার হাত থেকে বাঁচাতে লড়াই করার গল্প বলে। চলচ্চিত্রটি ভাষাগত বৈচিত্র্য এবং সাংস্কৃতিক সম্প্রীতির থিমগুলি অন্বেষণ করে ও একটি হৃদয়গ্রাহী গল্প প্রদান করে, যা সম্প্রদায়ের ঐক্য এবং আঞ্চলিক পরিচয় সংরক্ষণের গুরুত্ব উদ্‌যাপন করে।



Eminent Kannada actor and movie maker Rishabh Shetty. He is known for Kantara, one of the bolckbusters of this era.

কন্নড় ছবির জনপ্রিয় অভিনেতা ও পরিচালক ঋষভ শেট্টি। তাঁর পরিচালিত ছবিগুলির মধ্যে উল্লেখযোগ্য হল কান্তারা।

The film won the Best Children's Film Award at 66th National Film Awards. This also won the 2018 Karnataka National Film Awards for the Best Family Entertainer.



# NATIONAL AWARD WINNING CHILDREN'S MOVIE



## Dhh

2022, 101 Mins
India
**Language:** Gujarati
**Director:** Manish Saini

The film was selected for 2018 Toronto International Film Festival in the kids category. The film won the Audience Choice Award at 2018 UK Asian Film Festival. The film won the National Film Award for the Best Feature Film in Gujarati at the 65th National Film Awards.



"Dhh" is a heartwarming Gujarati film directed by Manish Saini. It follows three friends – Tanmay, Apu, and Moin – in a small village. When the school announces a surprise test for a quiz competition, the trio discovers a mysterious book with supposed magical answers. The film unfolds as they embark on a comical and adventurous journey, exploring themes of friendship, self-discovery, and the magic within ordinary moments. "Dhh" beautifully captures the essence of childhood and the unique bond formed during formative years, delivering an endearing and entertaining tale for all audiences.

ডিএইচএইচ মণীশ সাইনি পরিচালিত একটি হৃদয়গ্রাহী গুজরাটি ছবি। এটি একটি ছোটো গ্রামে তিন বন্ধুর তন্ময়, অপু এবং মইনকে অনুসরণ করে লেখা। যখন স্কুলে কুইজ প্রতিযোগিতার জন্য একটি হঠাৎ পরীক্ষা ঘোষণা করে তখন এই ত্রয়ী একটি রহস্যময় বই আবিষ্কার করে। উক্ত চলচ্চিত্রের মাধ্যমে তাদের একটি হাস্যকর ও দুঃসাহসিক যাত্রা, বন্ধুত্বের আত্ম-আবিষ্কার উদ্ঘাটিত হয়। Dhh সুন্দরভাবে শৈশবের গঠনমূলক চিত্রগুলি দর্শকদের সামনে তুলে ধরে।

Manish Saini is an Indian filmmaker who works in Gujarati language films. He is known for his work as a director in his debut, Dhh (2017), for which he received the National Film Award for the Best Feature Film in Gujarati at the 65th National Film Awards. The film is a story of three schoolchildren who come to believe that a magician, who just came to the city, can magically get them out of their troubles. The film starring Naseeruddin Shah was released by Viacom18 and was also a part of the Toronto International Film Festival Kids.

মণীশ সাইনি এই মুহূর্তে গুজরাটি ছবির জগতে অন্যতম সেরা পরিচালক। ২০১৭ সালে নির্মিত তাঁর প্রথম ছবি ডি এইচ এইচ পেয়েছিল শ্রেষ্ঠ গুজরাটি ছবির জাতীয় পুরস্কার।

# Special Screening

---

# পরিচালকের সঙ্গে দেখা

# SPECIAL SCREENING



## THE MISSING BOY

2022, 74 Mins
India
**Language:** Rabha
**Director:** Malay Kumar Roy

"The Missing Boy," meet Anubhav, an 11-year-old living in Guwahati. Anubhav's parents, Debajit and Mom Rima, are always busy with work, leaving him lonely. Upset, Anubhav stops going to school, making his dad very angry. Anubhav runs away to a Rabha village for safety. Dad puts a big ad in the newspaper with Anubhav's picture and offers a reward. In the village, Anubhav discovers a group with illegal stuff. He tells the village leader, and they catch the bad guys. When the village leader sees Anubhav's picture, he calls Dad. Anubhav is happily reunited with his family.

১১ বছর বয়সি বালক  অনুভব গুয়াহাটিতে বসবাস করে। অনুভবের বাবা দেবজিৎ ও মা রিমা সবসময় কাজে ব্যস্ত থাকেন। ফলে অনুভব একা হয়ে যায়। মন খারাপ করে অনুভব স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। এতে তার বাবা খুব রেগে যায়। অনুভব বাড়ি ছেড়ে রাভা গ্রামে পালিয়ে যায়। অনুভবের বাবা তার ছেলের বড়ো ছবি দিয়ে পত্রিকায় বিজ্ঞাপন দেন এবং যে তাকে খুঁজে দেবে তাকে পুরস্কার দেওয়া হবে বলেন। গ্রামে অনুভব অবৈধ জিনিসপত্র নিয়ে একটি দলকে তৈরি করে। সে গ্রামীণ নেতাদের সঙ্গে খারাপ লোকদের ধরে। গ্রামের নেতা অনুভবের বিজ্ঞাপনের ছবি দেখিয়ে তার বাবার সঙ্গে যোগাযোগ করে।



## SPECIAL SCREENING

# OUTHOUSE

2023, 95 Mins
India
**Language:** Marathi
**Director:** Sunil Sukhtanker Nana



A retired single adamant old man, has no idea that an unwelcomed guest on his door–a puppy is going to change the course of his life. Aadima, a senior graphic designer artist, doesn't have the faintest of inkling that the same puppy is going to force her to go on adventures she otherwise wouldn't. And Neel, her grandson has no clue that he is going to help Nana and Aadima understand the needs of elderly singles.

নানা একজন রাগি বৃদ্ধ। তাঁর বাড়িতে আসে এক কুকুরছানা। নানার জীবনে সেটি একটি উপদ্রব। বৃদ্ধা গ্রাফিক ডিজাইনার আদিমা, কুকুরছানাটি তাঁর জীবনেও আনে অনেক পরিবর্তন। তাঁর জীবন গেছিল থমকে। কিন্তু এই ছোট্ট কুকুরছানাকে কেন্দ্র করে এই দুই বৃদ্ধ বৃদ্ধা পরস্পরের বন্ধু হয়ে ওঠেন।এক অ্যাডভেঞ্চারে যান। নীল আদিমার নাতি, বৃদ্ধ বয়সের একাকিত্ব যে কী দুঃসহ তা অনুভব করে।



## SPECIAL SCREENING

### HAWAA HAWAAI

2014, 115 Mins India
**Language:** Hindi
**Director:** Amole Gupte



